

# বিজ্ঞান

ইতিহাস  
পঞ্চম শ্রেণি



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০১৫ শিক্ষাবর্ষ থেকে  
ইবতেদায়ি পঞ্চম শ্রেণির পাঠ্যপুস্তকগুলুপে নির্ধারিত

# বিজ্ঞান

ইবতেদায়ি  
পঞ্চম শ্রেণি



রচনা ও সম্পাদনা

ড. আলী আসগর

ড. মোঃ আনোয়ারুল হক

কাজী আফরোজ জাহানআরা

মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী

শিল্প সম্পাদনা

হাশেম খান



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড  
৬৯-৭০ মতিবিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
কর্তৃক প্রকাশিত

---

(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত)

প্রথম মুদ্রণ : আগস্ট, ২০১২  
পরিমার্জিত সংস্করণ : আগস্ট, ২০১৬  
পুনর্মুদ্রণ : , ২০১৯

চিত্রাঙ্কন ও ডিজাইন  
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে:

## প্রসঙ্গ-কথা

শিশু এক অপার বিষয়। তার সেই বিষয়ের জগৎ নিয়ে ভাবনার অন্ত নেই। শিক্ষাবিদ, বিজ্ঞানী, দার্শনিক, শিশুবিশেষজ্ঞ, মনোবিজ্ঞানীসহ অসংখ্য বিজ্ঞান শিশুকে নিয়ে ভেবেছেন, ভাবছেন। তাঁদের সেই ভাবনার আলোকে জাতীয় শিক্ষানীতি ২০১০-এ নির্ধারিত হয় শিশু-শিক্ষার মৌল আদর্শ। শিশুর অপার বিষয়বোধ, অসীম কৌতুহল, অফুরন্ত আনন্দ ও উদ্যমের মতো মানবিক বৃক্ষির সুষ্ঠু বিকাশ সাধনের সেই মৌল পটভূমিতে পরিমার্জিত হয় প্রাথমিক শিক্ষাক্রম। ২০১১ সালে পরিমার্জিত শিক্ষাক্রমে প্রাথমিক শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য পুনঃনির্ধারিত হয় শিশুর সার্বিক বিকাশের অন্তর্নিহিত তাৎপর্যকে সামনে রেখে।

শিশুদের চারপাশে রয়েছে নানা বস্তু। প্রকৃতিতে প্রতিনিয়ত ঘটছে নানা ঘটনা। আকাশের রংধনু, গাছ, ফুল, পাথি, ভোরের সূর্য, রাতের তারাভূমি আকাশ সবই গতীর আনন্দের ও অপার বিষয়ের। শিক্ষার্থীর ভালোগার এই অনুভূতি, তার দেখা নানা বস্তু ও ঘটনা নিয়ে নানা প্রশ্ন তাকে অনুসন্ধিৎসু ও অনুসন্ধানী করে তোলে। পরিমার্জিত শিক্ষাক্রমে এই উপলব্ধি বিশেষ গুরুত্বের সঙ্গে নেওয়া হয়েছে যে, বিজ্ঞান শিক্ষার লক্ষ্য হবে শিক্ষার্থীর বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির বিকাশ। সম্পর্কহীনতাবে নীরস তথ্য মুখ্য করার মধ্যে কোনো আনন্দ নেই। নতুন নতুন আবিকার ও উজ্জ্বলনের মধ্য দিয়ে তথ্যের পরিবর্তন হয়। বিজ্ঞান শিক্ষার দুটি মূলধারা গুরুত্বপূর্ণ। একটি হলো তথ্যসমূহ জ্ঞান অর্জন, অন্যটি হলো প্রশ্ন উত্থাপন, পরীক্ষণ, পর্যবেক্ষণ, তথ্য ও তত্ত্বের শুধুতা যাচাইয়ের তিতার দিয়ে অংশগ্রহণ। এই দুটি উপাদান পরস্পরের পরিপূরক। বিজ্ঞানের বিভিন্ন শাখা এবং বিজ্ঞান ও প্রযুক্তির মধ্যে সমন্বয় সাধন পরিমার্জিত শিক্ষাক্রমের আর একটি লক্ষ্য।

কোমলমতি শিক্ষার্থীদের আগ্রহী, কৌতুহলী ও মনোযোগী করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার ২০০৯ সাল থেকে পাঠ্যপুস্তকগুলো চার রঙে উন্নীত করে আকর্ষণীয়, টেকসই ও বিনামূল্যে বিতরণ করার মহৎ উদ্যোগ গ্রহণ করেছে। সরকার সারাদেশে সকল শিক্ষার্থীর নিকট প্রাক-প্রাথমিক, প্রাথমিক স্তর থেকে শুরু করে ইবতেদায়ি, দাখিল, দাখিল ভোকেশনাল, এসএসসি ভোকেশনালসহ মাধ্যমিক স্তরের পর্যন্ত পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম শুরু করে, যা একটি ব্যক্তিকী প্রয়াস। প্রাথমিক স্তরে প্রবর্তিত একুশটি পাঠ্যপুস্তক ২০১৫ সাল থেকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড মাদ্রাসা শিক্ষার বৈশিষ্ট্য উপযোগী করে গ্রহণ করেছে। শিক্ষায় বৈষম্য দূরীকরণে সরকার ইবতেদায়ি স্তরের সকল পাঠ্যপুস্তক ২০১৫ শিক্ষাবর্ষ থেকে শিক্ষার্থীদের মাঝে বিতরণ করছে।

পাঠ্যপুস্তকটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন, পরিমার্জন এবং মুদ্রণ ও প্রকাশনার বিভিন্ন পর্যায়ে যাঁরা সহায়তা করেছেন তাঁদের জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ। সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সহজ প্রয়াস ও সর্তর্কতা থাকা সত্ত্বেও পাঠ্যপুস্তকটিতে কিছু ত্রুটি-বিচুতি থেকে যেতে পারে। সেক্ষেত্রে পাঠ্যপুস্তকটির অধিকতর উন্নয়ন ও সমৃদ্ধি সাধনের জন্য যেকোনো গঠনমূলক ও যুক্তিসংগত পরামর্শ গুরুত্বের সঙ্গে বিবেচিত হবে। যেসব কোমলমতি শিক্ষার্থীর জন্য পাঠ্যপুস্তকটি রচিত হয়েছে তারা উপর্যুক্ত হবে বলে আশা করছি।

চেয়ারম্যান  
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# পরিমার্জিত প্রাথমিক বিজ্ঞান পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্যসমূহ

## ১. শিক্ষার্থী-শিক্ষক বাস্তব:

- শিখনের বিষয়বস্তু, সচিত্র বর্ণনা ও উপস্থাপন শিক্ষার্থীর বৃদ্ধির ভর বিবেচনায় রেখে বিন্যস্ত করা হয়েছে এবং মুখ্যত করার পরিবর্তে শিক্ষার্থীর ধারণার বিকাশে গুরুত্বারোপ করা হয়েছে।
- শিক্ষার্থীদের পূর্বজ্ঞান ও অভিজ্ঞতার সঙ্গে যোগসূত্র স্থাপনপূর্বক নতুন পাঠ উপস্থাপনের উপর গুরুত্ব দেওয়া হয়েছে।
- শ্রেণি উপযোগী, সহজ ও সাবলীল ভাষায় পাঠের বিষয়বস্তু বর্ণনা করা হয়েছে।
- স্পষ্ট শিরোনাম, উপশিরোনাম ও পাঠ সংশ্লিষ্ট পর্যাঙ্গ ছবি/চিত্র ব্যবহার করা হয়েছে।
- বিজ্ঞানের বিমূর্ত বিষয়সমূহকে চিত্র/ছবি এবং যথাযথ বর্ণনার মাধ্যমে সহজ সরল এবং বোধগম্য উপায়ে উপস্থাপন করা হয়েছে।
- পাঠ উপস্থাপনে কিছু প্রতীক/সংকেত ব্যবহার করে বিষয়বস্তুকে আকর্ষণীয় করা হয়েছে।
- শিশুদের আগ্রহ সৃষ্টি ও চিন্তামূলক কাজে উৎসাহিত করার জন্য দুইটি চরিত্র ব্যবহার করা হয়েছে।
- প্রতিটি অধ্যায়ের সংশ্লিষ্ট নতুন বৈজ্ঞানিক পরিভাষা রঙিন ও মোটা অক্ষরে লেখা হয়েছে।
- পাঠ্যপুস্তকের শেষে শব্দকোষ সংযুক্ত করা হয়েছে, যেখানে বিজ্ঞানের নতুন শব্দগুলোর সহজ ব্যাখ্যা দেওয়া হয়েছে।

## ২. সমস্যা সমাধানভিত্তিক শিখনে গুরুত্ব প্রদান:

- প্রতিটি পাঠ একটি মূল প্রশ্ন বা Key Question এর মাধ্যমে গুরু করা হয়েছে। এর ধারাবাহিকতায় শিক্ষার্থীদের জন্য অনুসন্ধান, পর্যবেক্ষণ/ পরীক্ষণ, সিদ্ধান্ত গ্রহণ এবং আলোচনামূলক কাজের সুযোগ রাখা হয়েছে। পাঠের শেষে তথ্যসমূহ সারসংক্ষেপ উপস্থাপন করা হয়েছে।
- প্রয়োজনীয় ক্ষেত্রে পরীক্ষণ সংশ্লিষ্ট বিকল্প উপকরণ ব্যবহারের নির্দেশনা দেওয়া হয়েছে।
- পাঠ্যপুস্তকের বিষয়বস্তু বিন্যাসে সমস্যা সমাধানভিত্তিক শিখন প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে।
- বিজ্ঞানের প্রক্রিয়াকরণ দক্ষতা অর্জনের লক্ষ্যে শিখন কার্যক্রমে সমস্যা সমাধানভিত্তিক বিভিন্ন প্রকার অনুশীলনের সুযোগ রাখা হয়েছে।

## ৩. পরিকল্পিত কাজ ও পরীক্ষণ:

- শিক্ষার্থীদের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী সৃষ্টির লক্ষ্যে পর্যবেক্ষণ, পরীক্ষণ এবং অনুসন্ধানমূলক কাজের ব্যবস্থা রাখা হয়েছে।
- শিক্ষার্থীদের যোগাযোগ দক্ষতা, প্রকাশ করার ক্ষমতা এবং ইতিবাচক দৃষ্টিভঙ্গি গঠনের জন্য দলীয় আলোচনামূলক কাজের প্রবর্তন করা হয়েছে।
- স্থানীয়ভাবে সহজলভ্য উপকরণ ব্যবহারের মাধ্যমে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়েছে।

## সূচিপত্র

অধ্যায়	বিষয়বস্তু	পৃষ্ঠা
অধ্যায় ১	আমাদের পরিবেশ	২-৮
অধ্যায় ২	পরিবেশ দূষণ	৯-১৪
অধ্যায় ৩	জীবনের জন্য পানি	১৫-২৪
অধ্যায় ৪	বায়ু	২৫-২৯
অধ্যায় ৫	পদার্থ ও শক্তি	৩০-৪০
অধ্যায় ৬	সূর্য জীবনের জন্য খাদ্য	৪১-৪৬
অধ্যায় ৭	স্বাস্থ্যবিধি	৪৭-৫১
অধ্যায় ৮	মহাবিশ্ব	৫২-৬১
অধ্যায় ৯	আমাদের জীবনে প্রযুক্তি	৬২-৬৭
অধ্যায় ১০	আমাদের জীবনে তথ্য	৬৮-৭২
অধ্যায় ১১	আবহাওয়া ও জলবায়ু	৭৩-৮০
অধ্যায় ১২	জলবায়ু পরিবর্তন	৮১-৮৮
অধ্যায় ১৩	প্রাকৃতিক সম্পদ	৮৯-৯২
অধ্যায় ১৪	জনসংখ্যা ও প্রাকৃতিক পরিবেশ শব্দকোষ	৯৩-৯৭ ৯৮-১০২

### চরিত্র ও প্রতীক

#### ১) চরিত্র



জুই দিপু

জুই এবং দিপু তোমার বিজ্ঞান শিখনে কিছু ইঙ্গিত অথবা ধারণা দেবে। এসো আমরা এক সঙ্গে বিজ্ঞান শিখি।

#### ২) প্রতীক



**কাজ :** এসো আমরা পর্যবেক্ষণ করি, অনুসন্ধান করি এবং পরীক্ষা করে দেখি!



**আলোচনা :** চলো আমরা সহপাঠীদের সঙ্গে আলোচনা করি!



**সাবধান হও :** নিরাপদ থাকার জন্য চলো আমরা সতর্কতার সাথে কাজ করি!

## আমাদের পরিবেশ

### ১. জীব ও জড়ের মধ্যকার সম্পর্ক

পরিবেশের উপাদানগুলোকে আমরা জীব ও জড় এই দুই ভাগে ভাগ করি। মানুষ, পশু-পাখি, পাহাড়ালা এয়া হলো জীব। মাটি, পানি, বায়ু, পাহাড়, চেমার, টেবিল ইত্যাদি হলো জড়।



জীব ও জড়ের সম্পর্ক

**প্রশ্ন :** জীব কীভাবে জড়ের উপর নির্ভরশীল?



**কাজ :**

বৈচে থাকার জন্য জীবের যা প্রয়োজন

কী করতে হবে :

- নিচে দেখানো ছকের মতো থাকার একটি ছক তৈরি করি।


জীব	বৈচে থাকার জন্য বে জড় কষ্ট প্রয়োজন
মানুষ	
অন্যান্য পাখি	
উদ্ভিদ	

- জীবের বৈচে থাকার জন্য বে সকল জড় কষ্ট প্রয়োজন ভাব একটি ভালিকা তৈরি করি।

- কাজটি নিয়ে সহশাঠীদের সাথে আলোচনা করি।



সুর্দের আলো ও বায়ু  
জীব না জড় ?



থাল্য তৈরির জন্য উদ্ভিদের  
সুর্দের আলো, বায়ু ও  
অন্যান্য জিনিস প্রয়োজন।

## সাইনসফের

### মানুষ

বৈচে ধাকার জন্য মানুষ বিভিন্ন জড় কস্তুর উপর নির্ভর করে। মানুষের শাস্তি এইসবের জন্য বায়ু এবং পান করার জন্য পানি প্রয়োজন। পৃষ্ঠার জন্য আবার প্রয়োজন। ফলে ফলানো ও বাসখান তৈরির জন্য মানুষের মাটি প্রয়োজন। এছাড়াও জীবল শাখারের জন্য বাসখান, আসবাবপত্র, পোশাক, বজ্পাতি ইত্যাদি প্রয়োজন।



### অন্যান্য প্রাণী

বৈচে ধাকার জন্য অন্যান্য প্রাণীও জড় কস্তুর উপর নির্ভরশীল। সকল প্রাণীর বৈচে ধাকার জন্য বায়ু, পানি ও খাদ্য প্রয়োজন। মাটি এবং পানি অনেক জীবের বাসখান। অনেক পোকা-মাকড়, কেচো ইত্যাদি মাটিতে বাস করে। আবার মাছ ও চিহড়ি পানিতে বাস করে।

### বৈচে ধাকার জন্য মানুষ জড়ের উপর নির্ভরশীল



পানির জীব



মাটির জীব

### উদ্ভিদ

বৈচে ধাকার জন্য উদ্ভিদ পরিবেশের বিভিন্ন জড় কস্তুর উপর নির্ভর করে। বেমন—সূর্যের আলো, মাটি, পানি, বায়ু ইত্যাদি। উদ্ভিদ সূর্যের আলো, পানি ও বায়ু থেকে কার্বন ডাইঅক্সাইড ব্যবহার করে নিজের খাদ্য নিজেই তৈরি করে। পানি আবার বিভিন্ন উদ্ভিদের আবাসস্থান।  
বেমন—শাখা, কচুরিপানা ইত্যাদি।



উদ্ভিদ জড় কস্তুর উপর নির্ভরশীল

জীব বৈচে ধাকার জন্য পরিবেশের বিভিন্ন জড় কস্তুর উপর নির্ভরশীল। কোনো স্থানের সকল জীব ও জড় এবং তাদের মধ্যকার পারস্পরিক ক্রিয়াই হলো ওই স্থানের কস্তুস্থান।

## ୨. ଉତ୍ତିଦ ଓ ଆଶୀର୍ବାଦ ପାଇସରିକ ନିର୍ଭର୍ଯ୍ୟାଳୀତା

**ପ୍ରଶ୍ନ :** ଉତ୍ତିଦ ଓ ଆଶୀ ବୀତାବେ ଏକେ ଅଗନ୍ତୋର ଉପର ନିର୍ଭର୍ଯ୍ୟାଳୀତା ?



ବାଜ୍ :

ପାଇସରିକ ନିର୍ଭର୍ଯ୍ୟାଳୀତା

କୀ କରାନ୍ତେ ହେବେ :

୧. ନିଚେ ଦେଖାନ୍ତେ ଛକ୍ରର ମଧ୍ୟେ ଖାତାର ଏକଟି ଛକ୍ର ତୈରି କରି ।

ଜୀବ	କୀତାବେ ପରମର ନିର୍ଭର୍ଯ୍ୟାଳୀତା
ଉତ୍ତିଦ	
ଆଶୀ	

୨. କୀତାବେ ଉତ୍ତିଦ ଓ ଆଶୀ ପରମର ଉପର ନିର୍ଭର୍ଯ୍ୟାଳୀତା ନିଚେର ଛଥିଟି ପରିବେକ୍ଷଣ କରେ ତାର ଏକଟି ଡାଲିକା ତୈରି କରି ।

୩. କାଙ୍ଗଟି ନିଯୋ ସଂଗ୍ରାମିଦେର ସାଥେ ଆଲୋଚନା କରି ।



## সারসংক্ষেপ

পরিবেশে উদ্ধিদ ও প্রাণী একে অপরের উপর নির্ভরশীল।

### প্রাণী

প্রাণী বিভিন্নভাবে উদ্ধিদের উপর নির্ভরশীল। উদ্ধিদের ভ্যাগ করা অঙ্গিজেন প্রাণী শুস্ত প্রহণের সময় ব্যবহার করে। উদ্ধিদের বিভিন্ন অংশ বেমন—কান্দ, শাখা ও ফলমূল প্রাণী আদ্য হিসেবে প্রহণ করে। উদ্ধিদ আবার অনেক প্রাণীর আবাসস্থল। বানর, কাঠবিড়ালি, পোকা-মাকড় ইত্যাদি গাছে বাস করে। পাখি গাছের ডালে বাসা বাঁধে। মানুষও তার বাসস্থান তৈরিতে উদ্ধিদ ব্যবহার করে।

### উদ্ধিদ

উদ্ধিদ তার আদ্য তৈরি, বৃক্ষ, **পরাগায়ন** ও **বীজের ক্ষিণণের** জন্য প্রাণীর উপর নির্ভরশীল। উদ্ধিদ আদ্য তৈরিতে জন্য প্রাণীর ভ্যাগ করা কার্বন ডাইঅক্সাইড ব্যবহার করে। পৃষ্ঠি উপাদানের জন্যও উদ্ধিদ প্রাণীর উপর নির্ভরশীল। প্রাণীর মৃতদেহ পচে প্রাকৃতিক সাজে পরিপন্থ হয়। এই সার পৃষ্ঠি হিসেবে ব্যবহার করে উদ্ধিদ বেড়ে উঠে।



পরাগায়ন

পরাগায়নের ফলে উদ্ধিদের বীজ সৃষ্টি হয়। এই বীজ থেকে আবার নতুন উদ্ধিদ জন্মায়। বিভিন্ন প্রাণী বেমন—পাখি, মৌমাছি ইত্যাদি এই পরাগায়নে সাহায্য করে। মাঙ্গ-উদ্ধিদ থেকে বিভিন্ন সানে বীজের ছড়িয়ে পড়াই হলো বীজের ক্ষিণণ। বীজের ক্ষিণণ নতুন নতুন উদ্ধিদ আবাস গড়ে তুলতে সাহায্য করে।

এভাবেই পরিবেশে উদ্ধিদ ও প্রাণী একে অপরের উপর নির্ভরশীল।



### উদ্ধিদ ও প্রাণীর পারস্পরিক নির্ভরশীলতা

### ৩. শক্তি প্রবাহ

বৈচে ধানার ছল্য জীবের শক্তি প্রয়োজন। উক্তিস সুর্খ থেকে শক্তি পায়। আর আগী শক্তি পার খাদ্য থেকে।

**প্রশ্ন :** আগী কীভাবে শক্তির ছল্য অন্য জীবের উপর নির্ভরশীল?



কাহাঃ

### খাদ্য এবং খাদক

কী করতে হবে :

- নিচে দেখালো ছকের মতো ধানার একটি ছক তৈরি করি।

খাদ্য এবং খাদকের মধ্যে সম্পর্ক			
কে খাই	কে খাই	কে খাই	কে খাই
→	→	→	→

- নিচের ছবিটি দেখি। ছবি দেখে কে কাকে খায় তা কথানুসারে ছকে লিখি।

- কাজটি নিয়ে সহশাঠীদের সাথে আলোচনা করি।



## সামুদ্রিক শক্তি

### খাদ্য শূলক

সকল প্রাণীই শক্তির জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উদ্ধিদের উপর নির্ভরশীল। উদ্ধিদ সুর্যের আলো ব্যবহার করে নিজের খাদ্য নিজেই তৈরি করে। পোকামাকড় উদ্ধিদ খেয়ে বেঁচে থাকে। আবার ব্যাট পোকামাকড়কে খাদ্য হিসেবে গ্রহণ করে। একইভাবে সাপ ব্যাট খাই এবং ইগল সাপ খায়। এভাবেই শক্তি উদ্ধিদ ধৈরে প্রাণীতে প্রবাহিত হয়। বাস্তুসম্বন্ধে উদ্ধিদ ধৈরে প্রাণীতে শক্তি প্রবাহের এই ধারাবাহিক প্রক্রিয়াই হলো **খাদ্য শূলক**। সবুজ উদ্ধিদ ধৈরেই প্রতিটি খাদ্য শূলকের শুরু।



### খাদ্য জাল

যেকোনো বাস্তুসম্বন্ধে অনেকগুলো খাদ্য শূলক থাকে। বাস্তুসম্বন্ধের সকল উদ্ধিদ ও প্রাণী কোনে না কোনো খাদ্য শূলকের অভর্তৃক। যেমন— ইগল সাপ, ইদুর, কাঠবিড়ালি, ব্যাট ও অন্যান্য প্রাণী খেয়ে থাকে। আবার সাপ খরগোশ, ইদুর, ব্যাট ও অন্যান্য প্রাণী খায়। একাধিক খাদ্য শূলক একত্রিত হয়ে খাদ্য জাল তৈরি করে।



## অনুশীলনী

### ১. সঠিক উভয়ে টিক চিহ্ন (✓) দাও।

১) শক্তির মূল উৎস কোনটি?

ক. উদ্ভিদ

খ. সূর্য

গ. চাঁদ

ঘ. প্রাণী

২) কোনটির জন্য প্রাণী উদ্ভিদের উপর নির্ভরশীল ?

ক. আলো

খ. পানি

গ. খাদ্য

ঘ. বাতাস

৩) নিচের কোনটি সঠিক খাদ্য শৃঙ্খল ?

ক. ঘাস ফড়িং→ঘাস→সাপ→ব্যাঙ

খ. ব্যাঙ→ঘাস ফড়িং→ঘাস→সাপ

গ. সাপ→ঘাস ফড়িং→ঘাস→ব্যাঙ

ঘ. ঘাস→ঘাস ফড়িং→ব্যাঙ→সাপ

### ২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :

১) খাদ্য জাল ও খাদ্য শৃঙ্খলের মধ্যে পার্থক্য কী ?

২) উদ্ভিদ কীভাবে প্রাণীর উপর নির্ভরশীল ?

৩) মানুষ নির্ভর করে এমন তিনটি জড় বস্তুর উদাহরণ দাও।

৪) পরাগায়ন কী ?

### ৩. বর্ণনামূলক প্রশ্ন :

১) খাদ্য শৃঙ্খলে কীভাবে সাপ এবং ঈগল একই রকম তা ব্যাখ্যা কর।

২) নিচের শব্দগুলো নিয়ে গঠিত খাদ্য শৃঙ্খলের সঠিক ক্রম ব্যাখ্যা কর।

ঈগল, সূর্য, ঘাস, পোকামাকড়, সাপ, ব্যাঙ

৩) জীব কীভাবে বায়ুর উপর নির্ভরশীল তা ব্যাখ্যা কর।

৪) উদ্ভিদের জন্য বীজের বিস্তরণ কেন গুরুত্বপূর্ণ তা ব্যাখ্যা কর।

৫) তোমার ঘরের ভিতরে রাখা গাছটি মারা যাচ্ছে। তোমার বন্ধুরা গাছটিকে জানালার  
পাশে নিয়ে রাখার পরামর্শ দিল। কেন ?

## অধ্যায় ২

# পরিবেশ দূষণ

বেঁচে থাকার জন্য আমরা পরিবেশকে নানাভাবে ব্যবহার করি। ফলে পরিবেশে বিভিন্ন পরিবর্তন ঘটে। এই পরিবর্তন যখন জীবের জন্য ক্ষতিকর হয়, তখন তাকে আমরা পরিবেশ দূষণ বলি। বিভিন্ন ক্ষতিকর ও বিষাক্ত পদার্থ পরিবেশে মিশলে **পরিবেশ দূষিত** হয়।

### ১. আমাদের পরিবেশে দূষণ

**প্রশ্ন :** কী কী কারণে পরিবেশ দূষিত হয়?



কাজ :

আমাদের চারপাশের পরিবেশ দূষণ

কী করতে হবে :

১. খাতায় একটি পর্যবেক্ষণ ফরম তৈরি করি।

পর্যবেক্ষণ ফরম

পর্যবেক্ষণের স্থান :

পর্যবেক্ষণের তারিখ :

চলো প্রাণ দূষণগুলোর ছবি আঁকি

২. শ্রেণিকক্ষের বাইরে আশপাশে বিভিন্ন ধরনের দূষণ খুঁজে বের করি।
৩. পর্যবেক্ষণ ফরমে দূষণগুলোর ছবি আঁকি।
৪. কাজটি নিয়ে সহপাঠীদের সাথে আলোচনা করি।

# ১৭

## আলোচনা

◆ নিচের বিষয়গুলো নিয়ে চিন্তা করি।

১. আমাদের চারপাশে কী ধরনের দূষণ রয়েছে?
২. দূষণের কারণ কী?
৩. সহপাঠীদের সাথে আলোচনা করে কাছটি সম্পত্তি সম্পূর্ণ করি।

### সারসংক্ষেপ

বর্তমানে পৃথিবীর অনেক সমস্যার মধ্যে একটি বড় সমস্যা হলো পরিবেশ দূষণ।

#### পরিবেশ দূষণের উৎস ও কারণ

পরিবেশ দূষণের অন্যতম প্রধান কারণ হলো **শিল্পালয়**। শিল্পকারখানা সচল রাখতে বিভিন্ন ধরনের জীবাণু ছালানি বেঘন— তেল, আকৃতিক গ্যাস, কয়লা ইত্যাদি ব্যবহার করা হয়। এই জীবাণু ছালানির ব্যবহারই দূষণের প্রধান উৎস। জনসংখ্যা বৃদ্ধি দূষণের আরও একটি বড় কারণ। অঙ্গোজনীয় খাদ্য ও আকৃতিক সম্পদের জন্য মানুষ পরিবেশ খৎস করছে। পরিবেশের বেশির ভাগ দূষণ মানুষের দৈনন্দিন কর্মকাণ্ডের ফলেই হয়ে থাকে।



পরিবেশ দূষণ

#### পরিবেশ দূষণের প্রভাব

দূষণের ফলে মানুষ, জীবজগত ও পরিবেশের ব্যাপক ক্ষতি হয়। দূষণের কারণে মানুষ বিভিন্ন ধরনের রোগে আক্রান্ত হচ্ছে। বেঘন-ক্যালার, শ্বাসজনিত রোগ, পানিবাহিত রোগ, তৃকের রোগ ইত্যাদি। দূষণের ফলে জীবজগতে আবাসস্থল নষ্ট হচ্ছে। খাদ্য শূরুল খৎস হচ্ছে। ফলে অনেক জীব পরিবেশ থেকে বিলুপ্ত হয়ে যাচ্ছে। এছাড়া পৃথিবীর ভাগমাঝা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। ফলে হিমবাহ গলে সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাচ্ছে।



ভাগমাঝা বেড়ে যাওয়ার ফলে হিমবাহ গলতে

## ২. বিভিন্ন ধরনের পরিবেশ দূষণ

বায়ু, পানি, মাটি ও শব্দ দূষণের মাধ্যমেই সাধারণত পরিবেশ দূষিত হয়।

### (১) বায়ু দূষণ

বিভিন্ন ক্ষতিকর গ্যাস, খণ্ডিকণা, ধোয়া অথবা দুর্গম্য বায়ুতে যিলে বায়ু দূষিত করে। যানবাহন ও কলকারখানার ধোয়া বায়ু দূষণের প্রধান কারণ। পাহাড়া ও ময়লা আবর্জনা পোড়ানোর ফলে সৃষ্টি ধোয়ার মাধ্যমেও বায়ু দূষিত হয়। বেরানে দেখানে ময়লা ফেলা এবং মসমুজ ভ্যাসের ফলে বাতাসে দুর্গম্য ছড়ায়। বায়ু দূষণের ফলে পরিবেশের উপর ক্ষতিকর প্রভাব পড়ছে। পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে ও এসিড বৃটি হচ্ছে। এছাড়াও মানুষ কুসকুসের ক্ষান্তির, শ্বাসজনিত রোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে।



বায়ু দূষণের কারণ



এসিড বৃটির ক্ষান্তি

### (২) পানি দূষণ

পানিতে বিভিন্ন ধরনের ক্ষতিকর পদার্থ যিষিত হয়ে পানি দূষিত হয়। পর্যবেক্ষণ ও গৃহস্থালির বর্জ্য অথবা কারখানার ক্ষতিকর বর্জ্য পদার্থের মাধ্যমে পানি দূষিত হয়। এছাড়াও ময়লা আবর্জনা পানিতে ফেলা, কাপড় ধোয়া ইত্যাদির মাধ্যমে পানি দূষিত হয়। পানি দূষণের ফলে জলজ প্রাণী মাঝে যাচ্ছে এবং জলজ খাদ্য শুঙ্গলে ব্যাঘাত ঘটছে। পানি দূষণের কারণে মানুষ কলেরা বা ডায়ারিয়ার মতো পানিবাহিত রোগে এবং বিভিন্ন চর্মরোগে আক্রান্ত হচ্ছে।



পানি দূষণের কারণ



পানি দূষণের ক্ষান্তি

### (৩) মাটি দূষণ

বিভিন্ন ধরনের ক্ষতিকর কম্পু মাটিতে মেশার ফলে মাটি দূষিত হয়। কৃষিকাজে ব্যবহৃত সার ও কীটনাশক, গুহ্যালি ও হাসপাতালের বর্জ্য, কলকারখানার বিভিন্ন রাসায়নিক পদার্থ ও ক্ষেত্র ইত্যাদির মাধ্যমে মাটি দূষিত হয়। মাটি দূষণের ফলে জমির উর্বরতা নষ্ট হয়। গাছপালা ও পশুপাখি মাঝা বায় ও তাদের বাসখান খালে হয়। মাটি দূষণ মানুষের স্বাস্থ্যের উপরও ক্ষতিকর প্রভাব ফেলে। দূষিত মাটিতে উৎপন্ন ফসল খাদ্য হিসাবে প্রহরের ফলে মানুষ ক্যান্সারসহ বিভিন্ন রোগে আক্রান্ত হয়।



মাটি দূষণ

### (৪) শব্দ দূষণ

শব্দ দূষণ মানুষ ও জীবজীব স্বাস্থ্যের ক্ষতি সাধন করে। বিনা প্রয়োজনে হর্ন বাজিয়ে, উচ্চ স্থরে গান বাজিয়ে এবং লাউড সিকার বা মাইক বাজিয়ে মানুষ শব্দ দূষণ করছে। কলকারখানায় বড় বড় বহুপাত্রির ব্যবহারও শব্দ দূষণের কারণ। শব্দ দূষণ মানুষের মানসিক ও শারীরিক সমস্যার সূত্রি করছে। অবসন্নতা, শব্দ পঞ্চ হ্রাস, শুয়ে ব্যাণ্ডার সূচি, কর্মক্ষমতা হ্রাস ইত্যাদি সমস্যা শব্দ দূষণের ফলে হয়ে থাকে। আমরা যখন তখন হর্ন না বাজিয়ে এবং উচ্চ শব্দ সূচি না করে শব্দ দূষণ রোধ করতে পারি।



শব্দ দূষণ



গাড়ির হর্ন শব্দ দূষণ করছে



### আলোচনা

- ◆ নিচে দেখানো হকের মতো একটি হক তৈরি করি।

বিভিন্ন ধরার দূষণ	দূষণের কারণ	দূষণের প্রভাব
বায় দূষণ		
পানি দূষণ		
মাটি দূষণ		
শব্দ দূষণ		

২. বিভিন্ন ধরার দূষণের কারণ ও প্রভাব হকে লিখি।
৩. সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্পন্ন করি।

### ৩. পরিবেশ সমৰকণ

আকৃতিক পরিবেশের সুস্থিতা এবং ব্যথাবিহীন ব্যবহারই হচ্ছে **পরিবেশ সমৰকণ**।

**প্রশ্ন :** আমরা কীভাবে পরিবেশ সমৰকণ করতে পারি ?



কাজ :

পরিবেশ সমৰকণের জন্য আমরা যা করব

বীক করতে হবে :

- নিচের ছকের মতো খাতায় একটি ইকো ভাসিকা ছকে তৈরি করি।

আমরা কী করতে পারি ?


- আমরা কীভাবে পরিবেশ সমৰকণ করতে পারি তার একটি ভাসিকা ছকে তৈরি করি।

- কাজটি শিশু সম্পত্তীদের সাথে আলোচনা করি।

### সারসংক্ষেপ

বিদ্যুৎ বা জীবাণু জ্বালানির ব্যবহার করিয়ে আমরা পরিবেশ সমৰকণে ভূমিকা গ্রহণ করতে পারি। কাজ শেষে বাতি নিলিয়ে রেখে আমরা বিদ্যুৎ অগ্রয় রোধ করতে পারি। গাড়িতে চড়ার পরিবর্তে পায়ে হেঠে বা সাইকেল ব্যবহার করে আমরা আকৃতিক সম্পদ সমৰকণ করতে পারি। আকৃতিক সম্পদের ব্যবহার করিয়ে, পুনর্ব্যবহার করে ও রিসাইকেল করেও আমরা আকৃতিক পরিবেশ সংরক্ষণ করতে পারি। কান্তিমানীয় বর্জ্য ও রাসায়নিক পদার্থ, তেল ইত্যাদি পরিবেশে ফেলার পূর্বে পরিশোধন করতে পারি। মাটি, পুরু বা নদীতে মরলা ফেলা থেকে বিরত থাকতে পারি। ময়লা-আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলে এবং গাছ লাগিয়ে আমরা পরিবেশ সমৰকণ করতে পারি। পরিবেশ সমৰকণের অন্যতম প্রধান উপায় হচ্ছে জনসচেতনতা বৃদ্ধি করা।



পায়ে হেঠে বা সাইকেল চালান করা



গাছ লাগানো

## অনুশীলনী

### ১. সঠিক উত্তরে টিক চিহ্ন (✓) দাও ।

- ১) কোনটি বায়ু দূষণের কারণ ?  
 ক. কীটনাশকের ব্যবহার  
 গ. উচ্চ শব্দে গান বাজানো
- ২) কোনটি পানি দূষণের ফলে হয় ?  
 ক. শ্রবণ শক্তি হ্রাস  
 গ. ডায়ারিয়া
- ৩) মাটি দূষণের কারণ কোনটি ?  
 ক. পৃথিবীর উষ্ণতা বৃদ্ধি  
 গ. কীটনাশকের ব্যবহার
- ৪) পরিবেশ সংরক্ষণের উপায় কোনটি ?  
 ক. অনবায়নযোগ্য শক্তি ব্যবহার করা  
 গ. জীবাশ্ম জ্বালানি ব্যবহার করা

### ২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :

- ১) পরিবেশ দূষণ বলতে কী বোঝ ?
- ২) বায়ু দূষণের ফলে কী হয় ?
- ৩) পরিবেশের দূষণগুলো কী কী ?
- ৪) পরিবেশ দূষণের উৎসসমূহ কী ?
- ৫) পরিবেশ সংরক্ষণের ৫টি উপায় লেখ।

### ৩. বর্ণনামূলক প্রশ্ন :

- ১) পরিবেশ দূষণের ক্ষতিকর প্রভাবসমূহ ব্যাখ্যা কর।
- ২) শব্দ দূষণ কী? শব্দ দূষণের ক্ষতিকর প্রভাবগুলো লিখ।
- ৩) আমরা কীভাবে পরিবেশ সংরক্ষণ করতে পারি?
- ৪) মাটি দূষণ কেন মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর ?
- ৫) জনসংখ্যা বৃদ্ধির ফলে কেন পরিবেশ দূষিত হয় ?
- ৬) মাটি এবং পানি দূষণের সাদৃশ্য কোথায় ?

- খ. কলকারখানার ধোয়া  
 গ. রাসায়নিক পদার্থের মিশ্রণ

- খ. ঘুমে ব্যাঘাত সৃষ্টি  
 ঘ. মাটির উর্বরতা হ্রাস
- খ. চাষাবাদে যন্ত্রপাতির ব্যবহার  
 ঘ. মাটির উর্বরতা হ্রাস
- খ. মোটর গাড়ি ব্যবহার করা  
 ঘ. রিসাইকেল করা

## জীবনের জন্য পানি

আমাদের চারপাশ ঘিরে আছে পানি। প্রাকৃতিক উৎস বেমন—বৃক্ষ, নদী, সমুদ্র ইত্যাদি থেকে আমরা পানি পাই। মানুষের তৈরি উৎস বেমন—দিনি, শূরু, কৃষ, নলকৃশ ইত্যাদি থেকেও পানি পাওয়া যায়। পানি ছাড়া আমরা বেঁচে থাকতে পারি না।



পানির প্রাকৃতিক উৎস



মানুষের তৈরি পানির উৎস

### ১. উৎস ও প্রাণীর জন্য পানি

**প্রশ্ন :** উৎস ও প্রাণীর কেন পানি প্রয়োজন ?



কাজ :

পানির ব্যবহার

কী করতে হবে :

- নিচের ছকের মতো খাতায় একটি ছক তৈরি করি।


কীভাবে পানি ব্যবহার করে	
উৎস	
প্রাণী	

- উৎস ও প্রাণী কীভাবে পানি ব্যবহার করে ছকে ভার একটি তালিকা তৈরি করি।

- কাজটি নিম্ন সহশ্রমীদের সাথে আলোচনা করি।



প্রাণী পানি পান করে কিন্তু  
উৎস পানি পান করে না।  
তাহলে উৎস কীভাবে পানি  
ব্যবহার করে ?



তোমার কি ঘনে আছে,  
প্রাণী শুধু পান করার জন্য  
নয়, অন্যান্য কাজেও পানি  
ব্যবহার করে ?

## সারসংক্ষেপ

জীবের জন্য পানি অত্যন্ত প্রয়োজনীয়। পানি ছাড়া জীব বাঁচতে পারে না।

### উদ্ধিস্থ

উদ্ধিস্থের বৈচে খাকার জন্য পানি প্রয়োজন। উদ্ধিস্থের দেহের প্রায় ১০ ভাগ পানি। উদ্ধিস্থ খাদ্য তৈরিতেও পানি ব্যবহার করে। মাটি থেকে পৃষ্ঠি উপাদান সংগ্রহ ও বিভিন্ন অংশে পরিবহনের জন্য উদ্ধিস্থের পানি প্রয়োজন। পানি ছাড়া উদ্ধিস্থ মাটি থেকে পৃষ্ঠি উপাদান শোষণ করতে পারে না। প্রচল গ্রন্থে পানি উদ্ধিস্থের দেহ শীতল করতে সাহায্য করে।



**খাদ্য তৈরিসহ নানা কাজে উদ্ধিস্থ পানি ব্যবহার করে**

### পানী

বৈচে খাকার জন্য প্রাণীদেরও পানি প্রয়োজন। মানবদেহের ৬০-৭০ ভাগ পানি। পানি ছাড়া কেৱল প্রাণীই বাঁচতে পারে না। আমরা যখন খাদ্য প্রহৃষ্ট করি তখন পানি সেই খাদ্য পরিপাকে সাহায্য করে। পৃষ্ঠি উপাদান শোষণ ও দেহের প্রত্যেকটি অঙ্গে পরিবহনের জন্য পানি প্রয়োজন। পানি আমাদের দেহের স্বাভাবিক তাপমাত্রা বজায় রাখতে সাহায্য করে।



**বৈচে খাকার জন্য আমাদের পানি প্রয়োজন**

## ২. পানি চক্র

### (১) পানির অক্ষর পরিবর্তন

আমরা কি কখনো সকালে ঘাসের উপর বিলু বিলু পানি ঝমে থাকতে দেখেছি? এই পানির বিলুগুলো কোথা থেকে আসে?



অনুযান করতে পার  
পানির বিলুগুলো  
কোথা থেকে আসে?



ঘাসের উপর বিলু বিলু পানি

**শির্ষ :** পানির কৌটাগুলো কীভাবে তৈরি হয়?



কাজ :

ঘাসের গাছে পানির বিলু

কী করতে হবে :

১. দুইটি পরিষ্কার গ্লাস, পানি ও বরফ নিই।
২. নিচের ছকের মতো খাতায় একটি হক তৈরি করি।

ক. কক্ষ ভাগমাজার পানি	খ. বরফ মেজার পানি

৩. দুইটি গ্লাসেই কক্ষ ভাগমাজার পানি ঢালি এবং একটিতে কয়েক খন্দ করক নিই।



গ্লাস ক



গ্লাস খ

৪. কিছুক্ষণ পর গ্লাস দুইটির বাইরের পৃষ্ঠ মক্ষ করি এবং ছকে তার ছবি আঁকি।
৫. কাছটি নিয়ে সহপাঠীদের সাথে আলোচনা করি।

## কলাকৃতি

আমরা প্রাস এর বাইরের পৃষ্ঠে পানির ফোটা দেখতে পেলাম। অপরদিকে, প্রাস ক এর বাইরের পৃষ্ঠে কোনো পানির ফোটা দেখতে পেলাম না।



## ১৭ আলোচনা

◆ কলাকৃতির তিনিটের বিষয়গুলো চিনা করি

১. দুইটি প্রাসের মধ্যে পার্থক্য কী ?
২. পানির ফোটাগুলো কোথা থেকে এলো বা কেমন করে এলো ?

## সারসংক্ষেপ

রাতে ঘাস, গাছগালা ইত্যাদির উপর যে কিন্দু কিন্দু পানি জমে তাকে **শিশির** বলে। বায়ু বখন ঠাণ্ডা কোনো কস্তুর সহজেরে আসে, তখন বায়ুতে থাকা জলীয় বাল্প ঠাণ্ডা হয়ে পানির ফোটা হিসেবে জমা হয়।

বাঢ়াসের জলীয় বাল্প ঠাণ্ডা হয়ে পানিতে পরিষ্ঠিত হয়। বাল্প থেকে তরলে পরিষ্ঠিত হওয়াকে **শীতলন** বলে। পানিকে যখন তাপ দেওয়া হয়, তখন তা জলীয় বাল্পে পরিষ্ঠিত হয়। তরল থেকে বাল্পে পরিষ্ঠিত হওয়ার প্রক্রিয়াই হচ্ছে **বাল্পীতলন**।



সাকড়সার জাতে শিশির

তাপ ধ্রংণোল ও ঠাণ্ডা করার মাধ্যমে পানি এক অবস্থা থেকে অন্য অবস্থায় পরিবর্তিত হয়। বরফকে তাপ দিলে তা পানিতে পরিষ্ঠিত হয়। পানিকে তাপ দিলে তা জলীয় বাল্পে পরিষ্ঠিত হয়। জলীয় বাল্পকে ঠাণ্ডা করা হলে তা শীতলভূত হয়ে পানিতে পরিষ্ঠিত হয়। যখন পানিকে শীতল করা হয়, তখন তা জমে কঠিন বরফকে পরিষ্ঠিত হয়।



## (১) পানি চক কী ?

বৃক্ষের পুর মাটিতে পানি অথবা  
ধোকতে দেখা যায়। কিছুক্ষণ পুর  
সেই পানি অদৃশ্য হয়ে যায়।  
পানি কোথায় চলে যায় ?



মাটিতে জড়ে থাকা  
পানি কোথায় চলে যায়  
আমরা কি অনুমান  
করতে পারি ?



**প্রশ্ন :** পানি কোথা থেকে আসে এবং কোথায় চলে যায় ?




কাজ :

বায়তে পানি আছে

কী করতে হবে :

১. একটি পরিকার গ্রাস্টিকের ব্যাল এবং ব্রাফসহ পানি ভর্তি একটি পাত্র নিই।
২. নিচের ছকের মতো খাতায় একটি ছক তৈরি করি।

ব্যালের ডিভেজের পাশে যা দেখতে পেলাম



৩. পরিকার গ্রাস্টিকের ব্যাল বায়ু দ্বারা পূর্ণ করি এবং  
মুখ শুল্ক করে বাঁধি।
৪. ব্যালটি কিছুক্ষণের জন্য ব্রাফসহ পানির পাশে ঢুবিবে  
রাখি এবং কিছুক্ষণ পুর সরিয়ে কেলি।
৫. ব্যালের ডিভেজে কী পরিবর্তন ঘটতে পাওয়া তা অনুমান করি।
৬. ব্যালের ডিভেজের অংশটি পর্যবেক্ষণ করি এবং ছবি আকি।
৭. কাঙ্গাটি নিয়ে সহস্যান্তিদের সাথে আলোচনা করি।



# ১৭

## আলোচনা

◆ পর্যবেক্ষণের তিনিতে নিচের বিষয়গুলো চিন্তা করি।

১. ব্যাসের তিতৰ কী ঘটছে ? কেন ঘটেছে ?
২. আমরা কি অনুমান করতে পারি বায়ুতে কী আছে ?

### সারসংক্ষেপ

পরীক্ষাটি থেকে জেনেছি যে, বায়ুতে জলীয় বাল্প আছে। কৃষ্ণতের পানির অনেকটাই সূর্যের তাপে বাস্তীভূত হয় এবং বায়ুতে মিশে যায়। তার মানে হচ্ছে পানি তরল অবস্থা থেকে জলীয় বাল্পে পরিণত হয়।

যে প্রক্রিয়ার পানি বিশিষ্ট অবস্থার পরিবর্তিত হয়ে কৃষ্ণত ও বায়ুমণ্ডলের সর্বত্র ছড়িয়ে পড়ে তাই **পানি চক্র**। এই চক্রের মাধ্যমে সর্বদাই পানির অবস্থার পরিবর্তন ঘটছে। সাগর ও নদীর পানি বাস্তীভূত হয়ে জলীয় বাল্পে পরিণত হয়। বাস্তীভূত পানি উপরে উচ্চে ঠাণ্ডা ও দ্রোণিভূত হয়ে পানির বিস্তৃত পরিণত হয়। কৃষ্ণ কৃষ্ণ পানির বিস্তৃত একত্রিত হয়ে মেঘ সৃষ্টি করে। এই মেঘের পানিকণা বড় হয়ে বৃক্ষিপাত হিসেবে আবার কৃষ্ণতে ফিরে আসে। শীত প্রধান দেশে কৃষ্ণান্ত মেঘ থেকেই পৃথিবীতে পড়ে। বৃক্ষিপাত পানি সাধারণত মাটিতে শোবিত হয় অথবা নদীতে গড়িয়ে পড়ে। মাটিতে শোবিত পানি কৃষ্ণত্ব পানি হিসেবে জমা থাকে। নদীতে গড়িয়ে পড়া পানি সময়ে প্রবাহিত হয় এবং বাস্তীভূত হয়ে আবার বায়ুতে ফিরে যায়।



### ৩. পানি দূষণ

আকৃতিক পানিতে বিভিন্ন ক্ষতিকর পদার্থ মিশে পানি দূষিত হয়। পানি দূষণ জীবের জন্য ক্ষতিকর।

#### পানি দূষণের কারণ

মানুষের কর্মকাণ্ড পানি দূষণের প্রধান কারণ। কৃষিকাজে ব্যবহৃত কীটনাশক, কলকারখানার রাসায়নিক দ্রব্য, পৃথক্কালির বর্জনের মাধ্যমে পানি দূষিত হয়। এছাড়া নদী বা পুরুষে গরু-ছাগল গোসল করানো এবং কাগড়চোপড় ধোরার কারণেও পানি দূষিত হয়।



পানি দূষণ

#### পানি দূষণের প্রভাব

পানি দূষণের ফলে জলজ প্রাণী মারা যাচ্ছে এবং জলজ ধান্য পুষ্টিশেষের ব্যাধাত ঘটছে। এই দূষণের প্রভাব মানুষের উপরও পড়ছে। দূষিত পানি পান করে মানুষ ডাঙরিয়া বা কলেরার মতো পানিবাহিত ঝোঁপে আক্রান্ত হচ্ছে।



ময়লা আবর্জনা কুড়ানো

#### কীভাবে পানি দূষণ প্রতিরোধ করা যাবে

কৃষিকে কীটনাশক এবং রাসায়নিক সামগ্রের ব্যবহার কমিয়ে আমরা পানি দূষণ প্রতিরোধ করতে পারি। এছাড়া মানুষরের নিষ্কাশন নালীয় ও টয়লেটে বর্জন এবং তেল না ফেলে দূষণ ঝোপ করতে পারি। পুরু, নদী, হৃদ কিংবা সাগরে ময়লা- আবর্জনা না ফেলে পানি দূষণ কমাতে পারি। সম্মুদ্রসৈকতে পড়ে থাকা ময়লা এবং খালকিল কিংবা নদীতে তাসমান ময়লা আবর্জনা কুড়িয়ে আমরা পানি পরিকার রাখতে পারি।

৩৭

#### আলোচনা

##### ◆ আমরা কীভাবে পানি দূষণ প্রতিরোধ করতে পারি ?

১. পানি দূষণ প্রতিরোধে আমাদের কর্মসূচী কী তা খাতায় লিখি।
২. সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্পূর্ণ করি।

## ৪. নিরাপদ পানি

সূख থাকার জন্য শুধু উষ্ণিদ ও আগীরই নয়, মানুষেরও নিরাপদ পানি প্রয়োজন।

**প্রশ্ন :** আমরা কীভাবে নিরাপদ পানি পেতে পারি ?




কাজ :

সরল ইকোনি

কী করতে হবে :

১. কোলো পুরুর বা নদী থেকে সরাহ করা ময়লা পানি, প্রাস্টিকের বোতল, পাতলা কাপড়, বাণি, ছেট ছেট পাথরের টুকরো এবং পরিকার গ্লাস নিই।
২. নিচে দেখানো ছকের মতো খাতায় একটি ছক তৈরি করি।



৩. পুরুর বা জোবা থেকে সরাহ করা ময়লা পানি পর্যবেক্ষণ করে বাম পাশের কলামে ছবি আঁকি।
৪. ডান পাশের ছবির মতো করে একটি পানির ফিল্টার প্রস্তুত করি।
৫. ফিল্টারে ময়লা পানি ঢালি।
৬. ফিল্টার থেকে নির্মিত পানি পর্যবেক্ষণ করি এবং ছকের ডান পাশের কলামে ছবি আঁকি।
৭. কাঙাটি নিয়ে সহগাত্তিদের সাথে আলোচনা করি !!




প্রাস্টিকের বোতলের ধারালো থাক্কে হাত  
কেটে যেতে পারে।



## সারাংশক্ষেপ

মানুষের জন্য ক্ষতিকর নয় এমন পানিই হলো নিরাপদ পানি। কিছু পানি মানুষের জন্য নিরাপদ। যেমন— নলকূপের পানি। আবার কিছু পানি মানুষের পানের জন্য নিরাপদ নয়। যেমন— পুরুর বা নদীর পানি। আর তাই পান করা এবং রান্নার কাজে ব্যবহার করার পূর্বে পানি নিরাপদ করা প্রয়োজন। মানুষের ব্যবহারের জন্য পানিকে প্রশংস্যোগ্য এবং নিরাপদ করার ব্যবসাই হলো **পানি বিশুদ্ধকরণ**।

নিচে পানি নিরাপদ করায় কিছু উপায় বর্ণনা করা হলো—



পরিকার কিছু অনিরাপদ পানি

## ঝুকনি

ঝুকনি দিয়ে হৈকে পানি পরিকার করার প্রক্রিয়াই হলো ঝুকনি। পাতলা কাপড় বা ঝুকনি দিয়ে হৈকে পানি পরিকার করা যায়। তবে এই প্রক্রিয়ায় থাক পানি পরিকার হলোও তা জীবাণুমুক্ত নয়। তাই নিরাপদ পানির জন্য এই পানিকে ফুটিয়ে জীবাণুমুক্ত করতে হবে।

## ফুটানো

একটি কলস বা পাত্রে নদী বা পুরুরের পানি নিয়ে রেখে দিই। কিছুক্ষণ পর দেখা যাবে পাত্রের ভলায় ভলানি জমেছে। উপরের অংশের পানি পরিকার হয়েছে। পানিতে ধাকা ময়লা বেমন— বালি, কাদা ইত্যাদি সরানোর এই প্রক্রিয়াই হলো ফুটানো।

## ফুটানো

পানি জীবাণুমুক্ত করার একটি ভালো উপায় হলো ফুটানো। জীবাণুমুক্ত নিরাপদ পানির জন্য ২০ মিনিটের বেশি সময় ধরে পানি ফুটাতে হবে।

## রাসায়নিক প্রক্রিয়ায় পানি বিশুদ্ধকরণ

অনেক সময় বন্যা বা জলচুম্বাসের কারণে পানি ফুটানো সম্ভব হয় না। এ ক্ষেত্রে বিটকিমি, ড্রিচিং পাউডার, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ইত্যাদি পরিমাণমতো মিলিয়ে আমরা পানি নিরাপদ করতে পারি। তবে অনে রাখতে হবে আর্সেনিকমুক্ত পানি এ সকল প্রক্রিয়ার মাধ্যমে নিরাপদ করা যায় না।



ঝুকনি প্রক্রিয়া

## অনুশীলনী

### ১. সঠিক উত্তরে টিক চিহ্ন (✓) দাও।

- ১) উঙ্গিদের পৃষ্ঠি শোষণের জন্য কোনটি প্রয়োজন ?
 

ক. পানি	খ. মাটি
গ. আলো	ঘ. বায়ু
- ২) কোনটি পানি দূষণের কারণ ?
 

ক. ধোঁয়া	খ. ক্ষতিকর গ্যাস
গ. হর্ন বাজানো	ঘ. নর্দমার বর্জ্য
- ৩) পানিতে মিশে থাকা বালি, কাদা ইত্যাদি সরানোর প্রক্রিয়াকে কী বলে ?
 

ক. ছাঁকন	খ. থিতানো
গ. ফুটানো	ঘ. ঘনীভবন

### ২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :

- ১) পানিচক্র কী ?
- ২) পানি দূষণ প্রতিরোধের তিটি উদাহরণ দাও।
- ৩) অনিরাপদ পানি থেকে নিরাপদ পানি পাওয়ার চারটি উপায় লেখ।
- ৪) বৃক্ষের পর মাটিতে পানি জমা হয়। কিছুক্ষণ পর সেই পানি অদৃশ্য হয়ে যায়। ওই পানি কোথায় যায় ?
- ৫) পানির তিনটি অবস্থা কী কী ?

### ৩. বর্ণনামূলক প্রশ্ন :

- ১) বরফসহ পানির গ্লাসের বাইরের পৃষ্ঠ কেন ভিজে যায় তা ব্যাখ্যা কর।
- ২) পানিচক্র ব্যাখ্যা কর।
- ৩) জীবের কেন পানি প্রয়োজন ?
- ৪) বাতাসে পানি আছে তা আমরা কীভাবে ব্যাখ্যা করতে পারি ?
- ৫) পুকুরের পানি থেকে আমরা কীভাবে নিরাপদ পানি পেতে পারি ?
- ৬) ঠাণ্ডা পানির গ্লাসের গায়ে লেগে থাকা পানির কণা এবং শিশির কেন একই রকম ?

## বায়ু

জীবের জন্য বায়ু খুব গুরুত্বপূর্ণ। বায়ু ছাঁকা জীব বেঁচে থাকতে পারে না। উদ্ধিস বায়ুর কার্বন ডাইঅক্সাইডের সাহায্যে খাদ্য তৈরি করে। আবার শ্বাস ফ্লাপের জন্য প্রাণীর বায়ুর অঙ্গিকেন প্রয়োজন।

### ১. দৈনন্দিন জীবনে বায়ু

মানুষের বেঁচে থাকার জন্য বায়ু প্রয়োজন। এছাড়াও দৈনন্দিন নানা কাজে মানুষ বায়ু ব্যবহার করে থাকে।

**প্রশ্ন :** সম্ভব দৈনন্দিন জীবনে কী কী কাজে বায়ু ব্যবহার করে?




কাজ :

বায়ুব্যবহার কীভাবে কাজ করে ?

কী করতে হবে :

১. একটি নারিকেল বা ডালের পাতা ও পিস নিই।
২. নিচের ছবি দেখে একটি চৰকা তৈরি করি।



৩. চৰকাটিকে একটি পিসের মাথায় বসিবে বায়ুর প্রয়োগে পিসের দিকে থাবি।
৪. চৰকাটির কী ঘটে দেখ করি।
৫. কাছাটি পিসের সহগাঠনের সাথে আলোচনা করি।

## ১৭

### আলোচনা

◆ পর্যবেক্ষণ থেকে পিসের বিষয়গুলো নিয়ে চিন্তা করি।

১. চৰকাটির কী ঘটে ? কেন ঘটে ?
২. অনুমান করতে পার বায়ুব্যবহার আগ কী কী করতে পারে ?
৩. ডান পাশের ছকে দৈনন্দিন জীবনে বায়ুর ব্যবহারের একটি ভালিকা তৈরি কর।

দৈনন্দিন জীবনে বায়ুব্যবহারের ব্যবহার
---------------------------------------

## সারসংক্ষেপ

মানুষ দৈনন্দিন জীবনে বিভিন্নভাবে বায়ু ব্যবহার করে।

### বায়ুবাহের ব্যবহার

কাছটি থেকে আমরা দেখলাম, বায়ুবাহ চৱকা ঘুরাতে পারে। বায়ুবাহের সাহায্যে এভাবে কড় চৱকা বা টাইবাইন ঘুরিয়ে বিদ্যুৎ উৎপাদন করা হয়। দৈনন্দিন জীবনে বায়ুবাহের নানাবিধি ব্যবহার রয়েছে। মানুষ শরীর ঠাড়া রাখতে হাতপাথা বা বৈদ্যুতিক পাথার বায়ুবাহ ব্যবহার করে। বায়ুবাহ ব্যবহার করে নদীতে পাল তোলা নৌকা চলে। কোনো তেজা কস্তুরে শুকানোর অন্য বায়ুবাহ ব্যবহার করা হয়। বায়ুবাহ তেজা কস্তুরে থেকে মৃত পানি সরিয়ে নিতে সাহায্য করে। আমরা তেজা কাপড় শুকানোর জন্য খোলা জারগায় বাতাসে মেলে রাখি। আবার তেজা চুল শুকানোর জন্য হেঁড়ার ছাওয়ারের বায়ুবাহ ব্যবহার করি।

### বায়ুর ব্যবহার

ফুটবল, গাড়ি, রিকসা বা সাইকেলের টায়ার ইত্যাদি কোশানোর জন্য মানুষ বায়ু ব্যবহার করে। এছাড়া মানুষ বায়ুর উৎপাদনগুলোকে বিভিন্নভাবে ব্যবহার করে। শাসকফ্টের রোগী, ছবুরি এবং পর্বতাঞ্জানীকে অঙ্গিজেন সিলিভারের মাধ্যমে অঙ্গিজেন সরবরাহ করা হয়। ইউরিয়া সার তৈরিতে এবং প্যাকেট বা টিলের কোটার বিভিন্ন খাদ্য বেমন—মাছ, মাংস, চিপস ইত্যাদি সরক্ষণে বায়ুর নাইট্রোজেন ব্যবহার করা হয়। বিভিন্ন কোমল পানীয়তে ঝীঝালো ভাব ধরে রাখার জন্য কার্বন ডাইক্ষেপ্টের ব্যবহার করা হয়। আগুন নেতোনোর জন্য অগ্নিসর্বাপক ঘঁসেও কার্বন ডাইক্ষেপ্টের ব্যবহার করা হয়।

এভাবেই বায়ু মানুষের দৈনন্দিন জীবনে অনেক গুরুত্বপূর্ণ সূমিকা পালন করছে।



ডাইরারের মাধ্যমে তেজা চুল শুকানো



বাতাসে তেজা কাপড় শুকানো



সিলিভারে অঙ্গিজেন ব্যবহার



কার্বন ডাইক্ষেপ্টের ব্যবহার

## ২. বায়ু দূষণ

আমরা প্রাচীন সূনে থাকি যে, বায়ু দূষিত হচ্ছে। কীভাবে বায়ু দূষিত হচ্ছে? বায়ু দূষণ প্রভিজ্ঞাধ করা কেন আবশ্যিক? বায়ু দূষণমুক্ত রাখতে আমরা কী করতে পারি?

**প্রশ্ন :** বায়ু দূষণের কারণ ও প্রভাবগুলো কী কী?



কর :

বায়ু দূষণের কারণ ও প্রভাব

কী করতে হবে:

- নিচে সেখানে হচ্ছে যতো খাতার একটি হক তৈরি করি।

বায়ু দূষণের কারণ	বায়ু দূষণের হতার

- বায়ু দূষণের কারণ ও প্রভাবগুলোর একটি তালিকা তৈরি করি।

- কাছটি নিম্নে সহপাঠীদের সাথে আলোচনা করি।

### সারসংক্ষেপ

বিভিন্ন ধরনের পদার্থ যেমন— রাসায়নিক পদার্থ, গ্যাস, ধূশিকণা, ধোঁয়া অথবা দুর্গম্ব বায়ুতে যিশে বায়ু দূষিত করে। এই দূষণ জীব ও প্রাকৃতিক পরিবেশের ক্ষতি সাধন করে।

### বায়ু দূষণের কারণ

মানুষের বিভিন্ন কর্মকাণ্ড বায়ু দূষণের একটি বড় কারণ। বিশেষ করে জীবাণু ফুসানি পোড়ানোর ফলে বায়ুতে বিভিন্ন ধরনের গ্যাস নির্গত হয়। কলকারখানা ও যানবাহন থেকে এ সকল গ্যাস বায়ুতে আসে। গাছপালা পোড়ানোর ফলে উৎপন্ন ধোঁয়া থেকেও বায়ু দূষিত হয়। যেখানে সেখানে মসলা আবর্জনা কেজলা ও মসমুজ ত্যাগের কারণে বায়ুতে দুর্গম্ব ঝড়ায় এবং বায়ু দূষিত হয়।



বায়ু দূষণের কারণ

## মানুষের বাস্তু ও পরিবেশের উপর বায়ু দূষণের প্রভাব

বায়ু দূষণ মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এর ফলে মানুষ ফুসফুসের ক্যালারি, শ্বাসজনিত রোগ, হৃদরোগসহ বিভিন্ন রোগে আক্রান্ত হয়। পরিবেশের উপরও বায়ু দূষণের ক্ষতিকর প্রভাব রয়েছে। জীবাণু ছালানি পোড়ানোর ফলে বাতাসে কার্বন ডাইঅক্সাইড ও অন্যান্য ক্ষতিকর গ্যাস ছড়ায়।




**বায়ু দূষণজনিত রোগ**

এই সকল গ্যাস বায়ুতে বেড়ে বাতাসার ফলে **পৃথিবীর উক্ততা বৃশি গাছে ও এসিড বৃক্ষ হচ্ছে।** কলকাতার ধানার খৌমা থেকে সৃষ্টি বিভিন্ন ধরনের গ্যাস মেঘের সাথে যিশে বাতাসার ফলে এসিড বৃক্ষ তৈরি হয়। এসিড বৃক্ষের ফলে জীবের ক্ষতি হতে পারে বা জীব মারা যেতে পারে।

## কীভাবে বায়ু দূষণ প্রতিরোধ করা যাব

শক্তির ব্যবহার কমিয়ে আমরা জীবাণু ছালানির অভিনিষ্ঠা ব্যবহার করতে পারি। যেমন— বাতি বন্ধ রেখে, গাঢ়ি ব্যবহারের পরিবর্তে পারে হেঠে বা সাইকেল ব্যবহার করে ইত্যাদি। এছাড়া প্রাকৃতিক সম্পদের ব্যবহার কমিয়ে, পুনর্ব্যবহার করে ও রিসাইকেল প্রক্রিয়ার মাধ্যমে আমরা দূষণ প্রতিরোধ করতে পারি। যদলা আবর্জনা পরিকার করে এবং গাছ লাগানোর মাধ্যমেও বায়ু দূষণ মুক্ত রাখতে পারি।



**রিসাইকেল**

## ১৭ আলোচনা

### ◆ আমরা কীভাবে বায়ু দূষণ প্রতিরোধ করতে পারি ?

১. ডান পাশে দেখানো হকের মতো খাতায় একটি হক তৈরি করি ?
২. হকে বায়ু দূষণ প্রতিরোধে কী কী করব তার একটি তালিকা তৈরি করি।
৩. সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্পূর্ণ করি।

**কী করব ?**

## অনুশীলনী

### ১. সঠিক উত্তরে টিক টিক (✓) দাও।

- ১) চিপসের প্টাকেটে কোন গ্যাস ব্যবহার করা হয় ?  
 ক. অক্সিজেন                                  খ. কার্বন ডাইঅক্সাইড  
 গ. নাইট্রোজেন                                  ঘ. জলীয় বাষ্প
- ২) পর্যাপ্তাত্মা সিলিভারে কোন গ্যাস নিয়ে শান ?  
 ক. অক্সিজেন    খ. কার্বন ডাইঅক্সাইড  
 গ. নাইট্রোজেন    ঘ. জলীয় বাষ্প
- ৩) কোন গ্যাস পৃথিবীর উপর বৃক্ষের জন্য দায়ী ?  
 ক. অক্সিজেন    খ. কার্বন ডাইঅক্সাইড  
 গ. নাইট্রোজেন    ঘ. হাইড্রোজেন

### ২. সংক্ষিপ্ত উত্তর দাও :

- ১) মানুষ কীভাবে বায়ুপ্রবাহকে দৈনন্দিন জীবনে ব্যবহার করে ?  
 ২) মানুষের আধ্যাত্মিক উপর বায়ু দূষণের ক্ষতিকর প্রভাবসমূহ কী ?  
 ৩) বায়ু দূষণ প্রতিরোধের তিনটি উপায় শেখ।  
 ৪) বায়ু দূষণের কারণ কী ?

### ৩. বর্ণনামূলক দাও :

- ১) তেজা কাপড় যত মুক্ত সম্ভব শুকানো প্রয়োজন। কিন্তু বাইরে বৃক্ষ হচ্ছে। ঘরের তেজর কীভাবে আগরা মুক্ত কাপড় শুকাতে পারিব ?



- ২) লিসাইকেল প্রক্রিয়া কীভাবে বায়ু দূষণ কমাতে পারে ?  
 ৩) কী কী কারণে বায়ু দূষিত হয় ? মানুষ কীভাবে বায়ু দূষণ করছে ?

## পদাৰ্থ ও শক্তি

### ১. শক্তি

কোনো কিছু কৰাৰ সামৰ্থ্যই হলো শক্তি। আমৱা সকল কাৰেই শক্তি ব্যবহাৰ কৰি।

#### (১) আমাদেৱ চাৱপাশেৱ শক্তিসমূহ


##### **প্ৰশ্ন : শক্তি কী ?**

পায়ে হৈটে মাদৱাসাইয়েতে এবং সাইকেল চালাতে আমৱা শক্তি ব্যবহাৰ কৰি। আবাৰ ঝালু কৰতে কিম্বা কম্পিউটাৰ চালাতে আমাদেৱ শক্তিৰ প্ৰয়োজন হয়। শক্তি ব্যবহাৰ কৰেই গাঢ়ি চলে। শক্তি কোনো কিছুৰ মূল বা অবস্থানেৱ পৱিবৰ্ণন কৰতে পাৰে।

#### শক্তিৰ বৃণ

শক্তিৰ বিভিন্ন মূল বৃণেছে। বেমন—

#### শক্তিৰ বিভিন্ন মূল

শক্তিৰ বিভিন্ন মূল	বিবরণ	উদাহৰণ
বৈদ্যুৎ শক্তি	বৈদ্যুতিক বাতি এবং গাধা, টেলিভিশন, ভ্যাপিং মেশিন ইত্যাদি চালাতে এই শক্তি ব্যবহৃত হয়।	
বাহ্যিক শক্তি	কোনো চলমান বস্তুৰ শক্তি হলো এক ধৰনেৱ বাহ্যিক শক্তি। বেমন— বায়ুবাহৰ একটি বাহ্যিক শক্তি। কামন এটি বায়ুবাহৰ চালাতে পাৰে। এছাড়া, চলমান গাঢ়িৰ শক্তি বাহ্যিক শক্তি।	
আলোক শক্তি	বিভিন্ন ধৰনেৱ আলো সকলি কৰতে সকল বেশ শক্তি আমাদেৱ দেখতে সহজে কৰে তাই আলোক শক্তি। এটি সহ কল্পনাৰ দিয়ে দেখতে পাৰে। মোমবাতি, বৈদ্যুতিক বাতি, সূৰ্য ইত্যাদি থেকে আমৱা আলোক শক্তি পাই।	
শব্দ শক্তি	শব্দ শক্তি হলো এমন একটি শক্তি যা আমাদেৱ শুনতে সহজে সহজে কৰতে পাৰে। বস্তুৰ কল্পনাৰ থেকে শব্দেৱ সূচি হয়। এটি বাধু বা অন্য কিছুৰ কল্পনা দিয়ে চলতে পাৰে। গান শুনতে আমৱা এই শক্তি ব্যবহাৰ কৰি।	
তাপ শক্তি	তাপ এক প্ৰকাৰ শক্তি। চুলায় আগুন, বৈদ্যুতিক ইস্পি ইত্যাদি থেকে আমৱা তাপ শক্তি পাই।	
ৱাসায়নিক শক্তি	খাবাৰ, জুলানি জেল, ফয়লা ইত্যাদিতে ৱাসায়নিক শক্তি সঞ্চিত থাকে।	



## শক্তির উৎস

তোমরা দেখেছ নানা কাজে, নানাভাবে শক্তি ব্যবহৃত হয়। বিভিন্ন উৎস থেকে আমরা শক্তি পাই। এই শক্তি কখনো আসছে কয়লা, তেল বা ধারার থেকে। কখনো আসছে বায়ুপ্রবাহ বা পানির হ্রোত থেকে। আবার কখনো ব্যাটারি বা জেনারেটর থেকে। এই সব উৎস থেকেই আমরা তাপ, আলো, বিদ্যুৎ, শব্দ ইত্যাদি শক্তি পাই। শুরু তালো করে খেয়াল করলে দেখবে এ সমস্ত শক্তির মূল উৎসই সূর্য।



## আলোচনা

◆ চলো আমরা আমাদের চারপাশের শক্তিসমূহ খুঁজে বের করি।

- নিচে দেখানো ছকের মতো খাতায় একটি ছক তৈরি করি।

বেজেবে শক্তি ব্যবহৃত হয়	শক্তির রূপ	শক্তির উৎস

- নিচের ছবিতে শক্তি কী কী উপায়ে ব্যবহৃত হচ্ছে তা খুঁজে বের করে শক্তির ব্যবহার, এর দুগ এবং উৎসগুলো ছকে লিখি।
- সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্পন্ন করি।



## (২) শক্তির রূপান্বয়

**প্রশ্ন :** পদ্ধতি কীভাবে রূপান্বিত হয় ?




কাজ :

শক্তির রূপান্বয়

কী করতে হবে :

- নিচের রেখাচিত্রের মতো একটি রেখাচিত্র আঁকি।



- নিচের ছবি দেখে সূর্য থেকে পাওয়া শক্তির বিভিন্ন রূপ উপরের রেখাচিত্রে বসাই।

- কাজটি নিয়ে সহপাঠীদের সাথে আলোচনা করি।



## সারসংক্ষেপ

শক্তি এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তিত হতে পারে। শক্তির রূপের এই পরিবর্তনই হলো শক্তির রূপান্তর। সূর্য থেকে পাওয়া শক্তি সৌরশক্তি নামে পরিচিত। সৌরশক্তিকে আমরা প্রত্যক্ষভাবে আলো ও তাপ হিসেবে পাই। এটি আবার বিভিন্ন শক্তিতে রূপান্তরিত হতে পারে। যখন উদ্ধিদ খাদ্য তৈরি করে তখন সৌরশক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়। প্রাণী যখন খাদ্য হিসেবে এই উদ্ধিদ গ্রহণ করে তখন এই রাসায়নিক শক্তি তাপ এবং যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়। সৌর প্যানেল সৌরশক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করে। যখন আমরা টেলিভিশন চালাই তখন এই বিদ্যুৎ শক্তি আলোক, তাপ এবং শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।



## আলোচনা

### ◆ আমাদের চারপাশে শক্তির রূপান্তর

1. আমাদের চারপাশে শক্তির রূপান্তরসমূহ খুঁজে বের করে তালিকা তৈরি করি।
2. সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্পন্ন করি।

## (৩) শক্তি সংরাখণ

**প্ৰশ্ন :** শক্তি কীভাৱে সংৰাখিত হয় ?



কাৰ্য :


ভাল সংৰাখণ

কী কৰতে হবে :

- জমাট বীধা ধি/ভালভা, পাতলা ধাতব চামচ, ছেট শুক্তি, কাচের বাটি বা চারের মশ, স্টেগওয়াচ বা হাতবড়ি এবং গৱম পানি নিই।
- নিচে দেখাবো ছকেৱ মতো ধাতাৰ একটি হক টৈভৰি কৰি।

	কোনটি কখন পড়বে (ধৰ্ঘমে, আৰো ক'লে)	কখন পড়বে
শুক্তি ক'		
শুক্তি খ'		
শুক্তি গ'		

- সমপৰিমাপ বি বা ভালভা ব্যবহাৰ কৰে  
শুক্তি তিসুটি চামচেৱ হাতলে অটিকাই।
- কাচেৱ বাটিতে পৰ্যাপ্ত পৱিমাণে গৱম  
পানি ঢালি এবং তাতে আন্তে আন্তে  
চামচটিৱ অভাৱাম ফুৰাই।
- কোন শুক্তিটি আপে পড়বে তা অনুমান  
কৰে উপজোৱ ছকে লিখি।
- ক, খ এবং গ শুক্তি চামচ থোকে কখন পড়ছে তাৰ সময় পৱিমাপ কৰে ছকে লিখি।
- কাজটি নিয়ে সহশাঠীদেৱ সাথে আলোচনা কৰি।



**খালি হাতে গৱম বাটি এবং চামচ সৰ্ব কৰলে হাত পুঁকে যেতে পাবো।**



## আলোচনা

- > উপজোৱ পৱিমাপটিৱ ফলাফলেৱ উপর ভিত্তি কৰে নিচেৱ বিষয়শূলো নিয়ে চিন্তা কৰি।
- কোন শুক্তিটি ধৰ্ঘমে পড়ছে? কেন?
  - ধাতব চামচেৱ মতো কঠিন পদাৰ্থেৱ মধ্য দিয়ে তাপ কীভাৱে সংৰাখিত হলো?

## সারসংক্ষেপ

শক্তি বিভিন্ন উপায়ে এক স্থান থেকে অন্য স্থানে সঞ্চালিত হয়।

### (১) তাপ সঞ্চালন

উচ্চ তাপমাত্রার স্থান থেকে নিম্ন তাপমাত্রার স্থানে তাপের প্রবাহই হলো তাপ সঞ্চালন। তাপ পরিবহন, পরিচলন এবং বিক্রিপণ এই তিনি উপায়ে সঞ্চালিত হয়।

#### পরিবহন

কঠিন পদার্থের মধ্য দিয়ে তাপ পরিবহন পদ্ধতিতে সঞ্চালিত হয়।

আমরা যদি গরম পানির পাত্রে একটি ধাতব চামচের অংতাপ ডুবাই তবে খুব দ্রুতই চামচটির হাতল গরম হয়ে উঠে। এর কারণ, গরম পানির তাপ চামচের মধ্য দিয়ে সঞ্চালিত হয়ে চামচের গরম অংশ থেকে ঠাণ্ডা অংশে ছড়িয়ে পড়ে।



তাপের পরিবহন

#### পরিচলন

জল এবং বায়বীয় পদার্থের মধ্য দিয়ে তাপ পরিচলন পদ্ধতিতে সঞ্চালিত হয়। যখন আমরা কোনো পানির পাত্রকে চুলায় গরম করি তখন এর নিচের অংশের পানি প্রথমে গরম হয়ে উপরে উঠে আসে। আর পাত্রের উপরের অংশের পানির তাপমাত্রা কম থাকায় তা নিচে নেমে আসে যা আবার গরম হয়ে উপরের দিকে উঠে আসে। এভাবে তাপ পাত্রের পানির সর্বত্র ছড়িয়ে পড়ে।



তাপের পরিচলন

### বিকিরণ

যে প্রক্রিয়ায় তাপ শক্তি কোনো মাধ্যম ছাড়াই উৎস থেকে চারাদিকে ছড়িয়ে পড়ে তাই **বিকিরণ**। কঠিন পদার্থের মধ্য দিয়ে পরিবহন এবং তরল ও বায়বীয় পদার্থের মধ্য দিয়ে পরিচলন প্রক্রিয়ায় তাপ সঞ্চালিত হয়। কিন্তু বিকিরণ প্রক্রিয়ায় তাপ কঠিন, তরল এবং বায়বীয় মাধ্যম ছাড়া সঞ্চালিত হয়।

এ কারণে পৃষ্ঠিক থেকে সূর্য শক্তি শক্তি কিলোমিটার দূরে হলেও আমরা সূর্যের তাপ পাই। আগুন কিংবা বৈদ্যুতিক বাতি থেকেও এ প্রক্রিয়ায় তাপ পাওয়া যাব।



তাপের বিকিরণ

### (২) আলোর সঞ্চালন

আলো শক্তির এমন একটি রূপ যা আমাদের দেখতে সাহায্য করে। আলো বিকিরণ পদ্ধতিতে সঞ্চালিত হয়। কঠিন, তরল এবং বায়বীয় মাধ্যম ছাড়াই আলো সঞ্চালিত হতে পারে। আলোর সঞ্চালনের জন্য কোনো মাধ্যমের প্রয়োজন হয় না। চীদ, তারা এবং সূর্য থেকে আলো বিকিরণ প্রক্রিয়াতেই পৃষ্ঠিক আসে।



আলো মাধ্যম ছাড়া সঞ্চালিত হতে পারে



### আলোচনা

◆ চলো কোথায় এবং কীভাবে তাপ সঞ্চালিত হয় তা খুঁজে বের করি।

১. নিচের ছবিতে কোথায় এবং কীভাবে তাপ সঞ্চালিত হচ্ছে তা খুঁজে বের করি।
২. সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্ভব করি।



## (৪) শক্তির ব্যবহার এবং সংরক্ষণ

**প্রশ্ন :** আমরা কীভাবে শক্তি সংরক্ষণ করতে পারি ?

### শক্তির সংরক্ষণ কেন জরুরি ?

আমরা প্রতিদিন নানা কাজে শক্তি ব্যবহার করি। তেল, কয়লা এবং প্রাকৃতিক গ্যাসের মতো অনবাধ্যনযোগ্য শক্তির উৎসের উপরই আমরা বেশি নির্ভরশীল। এসকল শক্তির উৎস ব্যবহারের ফলে নিষিদ্ধ হলে তা আর সহজে তৈরি হয় না। তাই আমদের শক্তির ব্যবহার ব্যবহারের ক্ষেত্রে হবে। শক্তির অগচ্ছ পরিবেশের জন্য ক্ষতিকর। শক্তির ব্যবহার করে আমরা শক্তির অগচ্ছ ঝোঁখ করতে পারি এবং পরিবেশ দূষণ করতে পারি।

### কীভাবে শক্তি সংরক্ষণ করব

শক্তি সংরক্ষণের কিছু উপায় নিচে দেওয়া হলো—

- ব্যবহারের পর বৈদ্যুতিক বাতি এবং যন্ত্রগাতিসমূহ বন্ধ রাখা।
- প্রয়োজনের অতিরিক্ত সময় ধরে ত্রিজের দরজা খোলা না রাখা।
- বাড়িতে ছায়ার ব্যবস্থা করার জন্য গাছ চাপানো।
- বাতি না জ্বালিয়ে পর্দা সরিয়ে দিনের আলো ব্যবহার করা।
- ৩) কেন তথ্য খুঁজে পেতে, বুঝতে, মূল্যায়ন ও ব্যবহার করতে আমাদের যথাযথ দক্ষতা অর্জন করতে হবে ?
- ৪) তথ্য বিনিময় না করলে কী হতে পারে ব্যাখ্যা কর।
- ৫) তোমার একজন বন্ধু জাপানে থাকে। তুমি তার সাথে তথ্য বিনিময় করতে চাও। কোন কোন উপায়ে তুমি তার সাথে তথ্য বিনিময় করতে পার ? এর জন্য তোমার কী কী প্রযুক্তির দরকার হবে ? লেখ।

## অধ্যায় ১১

### আবহাওয়া ও জলবায়ু

আমরা কোন কাপড় পরব বা কী করব তা ঐ দিনের আবহাওয়া দেখে ঠিক করি। আবার জলবায়ুর ধারণা কাজে লাগিয়ে কখন কোন ফসল চাষ করব তা ঠিক করতে পারি।

#### ১. আবহাওয়া ও জলবায়ুর মধ্যকার সম্পর্ক

**প্রশ্ন :** তুমি কীভাবে আবহাওয়ার পূর্বাভাস ব্যবহার করবে?



কাজ :

আবহাওয়ার পূর্বাভাস ব্যবহার

কী করতে হবে :

- নিচের আবহাওয়ার পূর্বাভাস থেকে ঢাকায় কোন ধরনের আবহাওয়া আশা করতে পারি?
- নিচের আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী বাংলাদেশের কোথায় তাপমাত্রা সর্বোচ্চ এবং কোথায় তাপমাত্রা সর্বনিম্ন?
- নিচের আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী রংপুরে অমগ করার সময় তুমি কি ছাতা ব্যবহার করবে?



২৪/০২/২০১৫ তারিখের  
আবহাওয়ার পূর্বাভাস



## আলোচনা

◆ বছরের কোন সময়টি বনভোজনের জন্য উপযুক্ত ? কেন ?

১. ফেব্রুয়ারি মাসে বাংলাদেশের আবহাওয়া সাধারণত কেমন থাকে ?
২. আগামী বছরের এপ্রিল মাসের আবহাওয়া কেমন থাকতে পারে তা কীভাবে আগে থেকে অনুমান করা যায় ?

## সারসংক্ষেপ

### আবহাওয়া

আবহাওয়া হলো কোনো নির্দিষ্ট সময়ে কোনো নির্দিষ্ট স্থানের আকাশ ও বায়ুমণ্ডলের সাময়িক অবস্থা। এই জন্যই দেশের বিভিন্ন স্থানের আবহাওয়া দিনের বিভিন্ন সময় ভিন্ন হয়। কোন দিন কোন কাপড় পরব এবং ছুটির দিন কী করব তা ঠিক করতে আমরা আবহাওয়ার পূর্বাভাস ব্যবহার করতে পারি।

### জলবায়ু

কোনো স্থানের আবহাওয়া পরিবর্তনের নির্দিষ্ট ধারাই জলবায়ু। জলবায়ু হলো কোনো স্থানের বহু বছরের আবহাওয়ার গড় অবস্থা। তাই কোনো ছুটির দিনে আবহাওয়া কেমন হবে তা পূর্ব অভিজ্ঞতা থেকে অনুমান করা যায়। এছাড়াও বছরের কোনো সময়ের আবহাওয়া কেমন হতে পারে তা আমরা পূর্ব অভিজ্ঞতা ও জলবায়ুর ধারণা থেকে অনুমান করতে পারি। যদিও আমাদের অনুমান সব সময় সঠিক নাও হতে পারে। কারণ আবহাওয়া সবসময় পরিবর্তনশীল।

আবহাওয়া ও জলবায়ুর মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। তবে আবহাওয়া ও জলবায়ু এক নয়। আবহাওয়া হলো কোনো স্থানের আকাশ ও বায়ুমণ্ডলের সাময়িক অবস্থা। আর জলবায়ু হলো কোনো স্থানের বহু বছরের আবহাওয়ার সামগ্রিক অবস্থা।

বাংলাদেশের জলবায়ু অনুযায়ী বর্ষা শুরু হয় জুনের মাঝামাঝি (আষাঢ়ের শুরু) এবং শেষ হয় আগস্ট (শ্রাবণ-ভাদ্র) মাসে। বর্ষায় বৃক্ষ শুরুর সময় প্রতি বছরই পরিবর্তিত হয়। তবে বর্ষা খাতু শুরু হওয়ার সম্ভাব্য সময়টি আমরা জানি জলবায়ুর ধারণা থেকে।

## ୨. ବାୟୁଚାପ ଓ ବାୟୁଅବାହ

### ବାୟୁଚାପ

ବାୟୁ ଭାବ ଓ ଜ୍ଞାନେର କାରଣେ ଭୂଗୋଳ ଉପର ସେଚାପ ପ୍ରଯୋଗ କରେ ତାଇ ବାୟୁଚାପ । ବାୟୁ ଉଚ୍ଚଚାପ ଅନ୍ଧଜ୍ଵଳରେ ଥିଲେ ନିମ୍ନଚାପ ଅନ୍ଧଜ୍ଵଳରେ ଥିଲେ ଅବାହିତ ହୁଏ ।

**ପ୍ରଶ୍ନ :** ବାୟୁର ଉଚ୍ଚଚାପ ଓ ନିମ୍ନଚାପ ସ୍ଫିନ୍ଡିଆ କାରଣ କି ?




କାରଣ :

ବାସି ଓ ପାନି ପରମ କରା


କି କରନ୍ତେ ହୁବେ :

୧. ଏକଟି ଟ୍ରେ ୧ ସେ.ମୀ. ପୁରୁ ବାସି ଓ ଅନ୍ତ ଏକଟି ଟ୍ରେ ୧ ସେ.ମୀ ପତ୍ତିର ପାନି ଦାରା ପୂର୍ଣ୍ଣ କରି ।
୨. ସଦି ସମ୍ଭବ ହୁଏ, ବାସି ଓ ପାନି ପୂର୍ଣ୍ଣ ଟ୍ରେ ଦୁଇଟିଟି ଖାର୍ମୋଷିଟାର ରାଖି ।
୩. ବାସି ଓ ପାନିର ତାପମାତ୍ରା ହାତ ଦିଲେ ସାରାଇ କରି ।
୪. ଟ୍ରେ ଦୁଇଟିକେ ଝୋହୋଳ୍ବଳ ହାଲେ ରାଖି ।
୫. କୋନ ଟ୍ରେ-ଟି ମୁହଁ ଗୁରୁମ ହୁବେ ଅନୁମାନ କରି ?
୬. ୨୦ ଥେବେ ୩୦ ମିନିଟ ପର ପୁନର୍ବାର ହାତ ଦିଲେ ପାନି ଓ ବାସିର ତାପମାତ୍ରା ସାରାଇ କରି ଏବଂ ପୂର୍ବର ଅନୁମାନ ସଠିକ କିଳା ନିଶ୍ଚିତ ହେବା । ସମ୍ଭବ ହଲେ ଖାର୍ମୋଷିଟାରେ ସାହାଯ୍ୟ ବାସି ଓ ପାନିର ତାପମାତ୍ରା ସାରାଇ କରି ।
୭. ଟ୍ରେ ଦୁଇଟିକେ ଢାଙ୍ଗା ହାଜାରୁକୁ ହାଲେ ୧ ଫଟୋ ମତୋ ଓରେ ଦେଇ ।

**ମୁଖ୍ୟ :** ଏକଇ ତାପମାତ୍ରାର ଅନ୍ୟ ପରୀକ୍ଷାଟି ଶୁରୁ ପୂର୍ବେ ବାସି ଓ ପାନି ଶ୍ରେଣିକରେ ଅନୁତପକ୍ଷେ ୧ ଦିନ ଓରେ ଦିଲେ ହୁବେ । ତାଙ୍କୁ ବାସି ଶୁଫଳୋ ହାତେ ହୁବେ ।



ପାନି



ବାସି

## সারসংক্ষেপ

সূর্যের আলোতে গ্লাখার পর বালির ট্রি-টি পানির ট্রির চেয়ে স্মৃত পরম হয়েছে। আবার ছায়ার বালির ট্রি-টি পানির ট্রি অপেক্ষা স্মৃত ঠাণ্ডা হয়েছে। এই পরীক্ষা থেকে আমরা এই সিদ্ধান্তে আসতে পারি যে, বালি বা মাটি পানি অপেক্ষা স্মৃত পরম বা ঠাণ্ডা হয়।

## উচ্চাপ ও নিম্নাপ

দিনে খলভাগ জলভাগ থেকে উক্ত থাকে। উক্ত খলভাগ তার উপরে থাকা বাতাসের উক্ততা বৃদ্ধি করে। বায়ু উক্ত হলে তা হালকা হয়ে উপরে উঠে যায়। ফলে ঐ শান ঝাঁকা হয়ে নিম্নাপের সূচি হয়। অপর দিকে সমুদ্রের উপরের বায়ু খলভাগ থেকে ঠাণ্ডা হওয়ার কারণে তা ভারী হয়ে নিচে নেমে আসে। এর ফলে সমুদ্রের উপর বায়ুর চাপ বেড়ে যায়। নিম্নাপ অঞ্চলের পরম বায়ু হালকা হয়ে উপরে উঠে যায়। এর ফলে স্মৃত ঝাঁকা শান গুরুপের জন্য উচ্চাপ অঞ্চলের শীতল বায়ু নিম্নাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয়। রাতে খলভাগ সমুদ্রের ভূলনায় ঠাণ্ডা থাকে। তাই তখন খলভাগে বায়ুর উচ্চাপ ও সমুদ্রে নিম্নাপের সূচি হয়।

বাংলাদেশে বর্ষাকালে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু এবং শীতকালে উত্তর-পূর্ব মৌসুমি বায়ু প্রবাহিত হয়। বর্ষাকালে অর্ধাত জুন থেকে আগস্ট মাসে বাংলাদেশের খলভাগ বঙ্গোপসাগরের চেয়ে উক্ত থাকে। শীতকালে অর্ধাত ডিসেম্বর থেকে কেবুয়ারি পর্যন্ত বাংলাদেশের খলভাগ বঙ্গোপসাগর থেকে শীতল থাকে। খলভাগ ও জলভাগের তাপমাত্রার এই বিপরীত অবধার বায়ুর উচ্চাপ ও নিম্নাপ সূচি করে। ফলে মৌসুমি বায়ুগ্রাহ সূচি হয়।



দক্ষিণ-পশ্চিম ও উত্তর-পূর্ব মৌসুমি বায়ু

### ৩. আবহাওয়া ও জলবায়ুর উপাদান

আমরা আবহাওয়ার বিভিন্ন উপাদান যেমন— তাপমাত্রা, আর্দ্রতা, বায়ুপ্রবাহ, মেঘ, বৃষ্টিপাত ও বায়ুচাপ সম্পর্কে জেনেছি। আবহাওয়ার এই উপাদানগুলো জলবায়ুরও উপাদান।

**প্রশ্ন :** আবহাওয়ার উপাদানগুলোর মধ্যে কি কোনো সম্পর্ক আছে?



কাজ :

আর্দ্রতা ও বৃষ্টিপাত

কী করতে হবে :

- নিচের ছকে ঢাকার মাসিক গড় বৃষ্টিপাত ও আর্দ্রতা লক্ষ করি।
- বৃষ্টিপাত ও আর্দ্রতার মধ্যে সম্পর্ক নির্ণয় করি। বর্ষাকাল ও শীতকালের অবস্থা তুলনা করি।
- কাজটি নিয়ে সহপাঠীদের সাথে আলোচনা করি।

	মাসিক গড় বৃষ্টিপাত (মিলিমিটার)	মাসিক গড় আর্দ্রতা (%)
জানুয়ারি	৮	৫৪
ফেব্রুয়ারি	৩২	৪৯
মার্চ	৬১	৪৫
এপ্রিল	১৩৭	৫৫
মে	২৪৫	৭২
জুন	৩১৫	৭৯
জুলাই	৩২৯	৭৯
আগস্ট	৩৩৭	৭৮
সেপ্টেম্বর	২৪৮	৭৮
অক্টোবর	১৩৪	৭২
নভেম্বর	২৪	৬৬
ডিসেম্বর	৫	৬৩

### সারসংক্ষেপ

আর্দ্রতা হলো বাতাসে জলীয় বাস্পের পরিমাণ। বাতাসের জলীয় বাস্পের পরিমাণ যত কমে, আর্দ্রতাও তত কমে। বর্ষাকালে মাসিক গড় আর্দ্রতার পরিমাণ ও মাসিক গড় বৃষ্টিপাত অন্যান্য মাসের তুলনায় বেশি। বর্ষাকালে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাস্প নিয়ে আসে। এই জলীয় বাস্প ঠাণ্ডা হয়ে বৃষ্টিপাত ঘটায়। উত্তর-পূর্ব মৌসুমি বায়ু শীতকালে উত্তর দিক থেকে শুক্র শীতল বাতাস বয়ে আনে।

## ৪. বিরুপ আবহাওয়ার

আবহাওয়ার প্রতিটি উপাদান প্রতিনিমিত্তই পরিবর্তিত হচ্ছে। আবহাওয়ার কোনো উপাদান যখন অস্বাভাবিকভাবে পরিবর্তিত হয় তখন আমরা বিরুপ আবহাওয়ার দেখতে পাই। বিরুপ আবহাওয়ার কারণে আমরা বিভিন্ন ধরনের ক্ষতির সমূর্ধীন হই। যেমন— মানুষের জীবন ও সম্পদের ক্ষতি হয়। কখনো কখনো মানুষ মারা যায়।

### তাপমাত্রা ও শৈতান্ত্রিক

অতি গরম আবহাওয়ার দীর্ঘস্থায়ী অবস্থাই হলো তাপমাত্রা। আমরা প্রতি বছরই **তাপমাত্রা** অনুভব করি। তবে অস্বাভাবিক ও অসহনীয় তাপমাত্রা শত বছরে একবার দেখতে পাওয়া যায়। অস্বাভাবিক তাপমাত্রার ফলে কসল উৎপাদন মারাঞ্চকভাবে ব্যাহত হয়। আবার এই তাপমাত্রার কারণে কখনো কখনো মানুষসহ হাজার হাজার জীবের মৃত্যু হয়।

উভয়ের শুক ও শীতল বায়ু আমাদের দেশের উপর দিয়ে প্রবাহনের ফলে শীতকালে তাপমাত্রা কখনো কখনো অস্বাভাবিকভাবে কমে যায়। এই অবস্থাই হলো **শৈতান্ত্রিক**। তবে উষ্ণিদ ও প্রাণীর জন্য অসহনীয় শৈতান্ত্রিক বালাদেশে খুব কমই দেখা যায়।

### বন্যা ও ঝুঁটা

বর্ষাকালে অর্ধাং জুন থেকে সেপ্টেম্বর মাসে বালাদেশের এক পক্ষমাণ্ডল পানিতে তগিয়ে যায়। তবে তগিয়ে বন্যার সময় বালাদেশের দুই ভূভীগাণ্ড পানির নিচে তগিয়ে যায়। বালাদেশের অলবায়ু ও তৃপ্তিক্ষেত্রে কারণে এমনটি হয়ে থাকে।

অনেক লম্বা সময় শুক আবহাওয়া থাকলে ধরা দেখা দেয়। অস্বাভাবিক কম বৃক্ষিপাত্র ও উচ্চ তাপমাত্রাই হলো ধরার কারণ। বালাদেশের উত্তর-পশ্চিম অঞ্চলে ধরা সূচিত হয়।



বন্যা



ঝুঁটা

## কালৈশারী

শ্রীমকালে আবাদের দেশে বে বজ্রবড় হয় তাই কালৈশারী নামে পরিচিত। সঙ্গতাগ অভ্যন্তর গরম হওয়ার ফলেই কালৈশারীর সৃষ্টি হয়। সাধারণত বিকেল বেলায় কালৈশারী বাঢ় বেশি হয়। এ বাঢ় সর্বোচ্চ ২০ কিলোমিটার এলাকা পর্যন্ত বিস্তৃত হতে পারে। সর্বারণশীল ধূসর মেষ সোজা উপরে উঠে পিঙ্গে জমা হয়। প্রবর্তীতে এই মেষ দ্বন্দ্বৃত হয়ে বাঢ়ো হাওয়া, ভারী বৃক্ষি, বজ্রবৃক্ষি, শিলাবৃক্ষি ইত্যাদি সৃষ্টি করে। এটাই কালৈশারী।

## টর্নেডো

টর্নেডো হলো সরু, ফানেল আকৃতির দূর্ণীরমান শক্তিশালী বায়ুবন্ধ। এই বায়ুবন্ধ আকাশের বস্তুময়ের স্তর থেকে ক্ষুণ্ণ পর্যন্ত বিস্তৃত হয়। টর্নেডো আকাশে সাধারণত এক কিলোমিটারের কম হয়। টর্নেডোর ফলে বিডিলু ধরনের ক্ষয়ক্ষতি হয়ে থাকে। যেমন— ঘরবাড়ির ছাদ উঠিয়ে নিয়ে বেতে পারে, দেয়াল ভেঙে বেতে পারে এবং ফসলের ব্যাপক ক্ষতি হতে পারে। শক্তিশালী টর্নেডো বড় বড় খাপনা ভেঙে ফেলতে পারে।

## দূর্ণিবড় বা সাইক্লোন

দূর্ণিবড় হলো নিম্নচাপের ফলে সৃষ্টি দূর্ণীরমান সামুদ্রিক বজ্রবড়। এটি ৫০০ থেকে ৮০০ কিলোমিটার এলাকা জুড়ে কিস্তি হয়। অত্যধিক গরমের ফলে ভারত মহাসাগর ও বঙ্গোপসাগরের পানি ব্যাপক হারে বাল্পে পরিষ্কত হয়। এর ফলে ঐ সকল শানে সৃষ্টি নিম্নচাপ থেকেই তৈরি হয় দূর্ণিবড়। দূর্ণিবড়ের সময় দমকা হাওয়া বইতে থাকে ও মুষলধারে বৃক্ষি হতে থাকে। কখনো কখনো দূর্ণিবড়ের ফলে জলোচ্ছাসের সৃষ্টি হয়।

দূর্ণিবড়ের ফলে সৃষ্টি জলোচ্ছাসে লোকালয় প্রাবিত হয়ে ব্যাপক ক্ষতি হয়। মাঝে মাঝে জলোচ্ছাসের ফলে সম্মত টগুলুবর্তী অঞ্চলে তীব্র জোরাবের সৃষ্টি হয় এবং সবকিছু ভাসিয়ে নিয়ে যায়।



দূর্ণিবড়



টর্নেডো

## অনুশীলনী

### ১. সঠিক উত্তরটিতে টিক চিহ্ন (✓) দাও।

১) বায়ুর তাপমাত্রা বলতে কী বোঝায় ?

- |                              |                                   |
|------------------------------|-----------------------------------|
| ক. বায়ু কর্তৃ গরম বা ঠাণ্ডা | খ. বায়ুতে জলীয় বাষ্প কম না বেশি |
| গ. বায়ু হালকা বা ভারী       | ঘ. সূর্যের আলো বেশি না কম         |

২) বায়ুর চাপ অত্যধিক কমে গেলে কী ঘটে ?

- |            |                 |
|------------|-----------------|
| ক. ঝড়     | খ. বৃষ্টি       |
| গ. কুয়াশা | ঘ. শৈত্য প্রবাহ |

৩) বাংলাদেশে প্রতি বছর কোনটি দেখা যায় ?

- |           |             |
|-----------|-------------|
| ক. বন্যা  | খ. ভূমিকম্প |
| গ. তাপদাহ | ঘ. তুষারপাত |

৪) আবহাওয়া ও জলবায়ুর মধ্যে পার্থক্য কিসের ?

- |         |          |
|---------|----------|
| ক. সময় | খ. স্থান |
| গ. দিক  | ঘ. শক্তি |

### ২. সঞ্চিষ্ঠ উত্তর প্রশ্ন :

- ১) বাংলাদেশের তিনটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখ।
- ২) আবহাওয়া কী ?
- ৩) আবহাওয়ার উপাদানগুলো কী কী ?
- ৪) সাধারণত কোন সময়ে সমুদ্র থেকে স্থলভাগে বায়ু প্রবাহিত হয় ?
- ৫) আমাদের দৈনন্দিন জীবনে আবহাওয়ার পূর্বাভাস কীভাবে সাহায্য করে ?

### ৩. বর্ণনামূলক প্রশ্ন :

- ১) বায়ুচাপ কী ?
- ২) কীভাবে নিম্নচাপ সৃষ্টি হয় ?
- ৩) বাংলাদেশে কেন বর্ষাকালে অধিক বৃষ্টিপাত হয় ?
- ৪) কালৈশাখী ঝড়ের কারণ ব্যাখ্যা কর।
- ৫) আবহাওয়া ও জলবায়ুর মধ্যে মিল ও অমিল কোথায় ?
- ৬) জানুয়ারি এবং জুলাই মাসের মধ্যে কোন মাসটি বনতোজনের জন্য উপযুক্ত ? কেন ?

## অধ্যায় ১২

# জলবায়ু পরিবর্তন

জলবায়ু হলো আবহাওয়ার দীর্ঘ সময়ের গড় অবস্থা। কোনো অঞ্চলের আবহাওয়া কখনো স্বাভাবিক থাকতে পারে আবার কখনো চরম অবস্থা দেখা দিতে পারে। আবহাওয়ার এই পরিবর্তন ঐ অঞ্চলের তাপমাত্রা, বৃষ্টিপাতের পরিমাণ, কালৈশৈথী বা ঘূর্ণিঝড়ের প্রবণতা দ্বারা নির্ণয় করা যায়। আবহাওয়ার এই ভিন্নতা একটি স্বাভাবিক ঘটনা। অপরদিকে, আবহাওয়ার উপাদানগুলোর উল্লেখযোগ্য স্থায়ী পরিবর্তন হলো জলবায়ু পরিবর্তন। কোনো স্থানের জলবায়ু হঠাতে পরিবর্তন হয় না। তবে আমরা এখন জলবায়ু পরিবর্তন উপলব্ধি করতে পারি। চলো বিষয়টি যাচাই করা যাক।

### ১. বৈশ্বিক উৎক্ষয়ন

পৃথিবীর সকল স্থানের তাপমাত্রা নির্ণয় করে গড় করার মাধ্যমে আমরা পৃথিবীর গড় তাপমাত্রা নির্ণয় করতে পারি।

**প্রশ্ন :** পৃথিবীর গড় তাপমাত্রার কি কোনো পরিবর্তন হচ্ছে?




কাজ :

পৃথিবীর গড় তাপমাত্রার পরিবর্তন

কী করতে হবে :


১. সহপাঠীদের নিয়ে ছোট ছোট দল তৈরি করি।
২. পৃথিবীর গড় তাপমাত্রার স্থিতিশীলতা লক্ষ করি এবং বিভিন্ন বছরের গড় তাপমাত্রা খাতায় লিখি।
৩. সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্পন্ন করি।



## সারসংক্ষেপ

লেখচিত্রিতে দেখা গেল, পৃথিবীর গড় তাপমাত্রা প্রতি বছর উঠানামা করছে। তবে বিজ্ঞানীরা গবেষণা করে দেখেছেন যে, পৃথিবীর গড় তাপমাত্রা ধীরে ধীরে বাড়ছে। পৃথিবীর তাপমাত্রা এভাবে বেড়ে যাওয়াকে **বৈশ্বিক উষ্ণায়ন** বলে। বৈশ্বিক উষ্ণায়নের ফলে আবহাওয়ার বিভিন্ন উপাদানের পরিবর্তন ঘটছে। যেমন—**বৃক্ষপাতার ধরন** বদলে যাচ্ছে। বৈশ্বিক উষ্ণতার কারণে পৃথিবীর জলবায়ুও ধীরে ধীরে পরিবর্তিত হচ্ছে।

নিচের লেখচিত্রে দেখা যাচ্ছে যে, ঢাকার গড় তাপমাত্রা ক্রমশ বাড়ছে। তাপমাত্রা বেড়ে যাওয়ার ফলে প্রাকৃতিক পরিবেশের ব্যাপক পরিবর্তন ঘটছে।



### আলোচনা

- ◆ পূর্ব অভিজ্ঞতা ও এই অধ্যায়ে যা শিখলাম তার আলোকে নিচের প্রশ্নগুলো নিয়ে আলোচনা করি।
  ১. তোমার কি মনে হয় জলবায়ু পরিবর্তিত হচ্ছে? কেন এমন মনে হচ্ছে? প্রমাণসহ তোমার মতামত উপস্থাপন কর।
  ২. যদি মনে করো জলবায়ু পরিবর্তিত হচ্ছে, তবে জলবায়ুর এই পরিবর্তন কী আমাদের জন্য ভালো না খারাপ ?

## ২. শিল হাউজ প্রভাব

**প্রশ্ন :** বৈশিক উভয়মন্দের কারণ কী ?



কাজ :

শিল হাউজ প্রভাব

কী করতে হবে:

১. সুইটি পেট্রি ডিশে তিনটি করে বরফ খন্ড রাখি।
২. একটি পেট্রি ডিশ কাচের গ্রাস বা বিকার দিয়ে ঢেকে নিই।
৩. পেট্রি ডিশ সুর্যের সূর্যের আলোতে রাখি। কোন ডিপ্যুটির বরফ আলো মাঝে তা অনুমান করি।
৪. এবার ৩০ মিনিট অপেক্ষা করি।
৫. কোনটির বরফ আলো মাঝে তা পর্যবেক্ষণ করি। অনুমানটি কি সঠিক হওয়াছে ?

**চূক্তি:** কাচিটি পেট্রি ডিশের পরিবর্তে কাচের গ্রাস এবং বকাজের পরিবর্তে বাহু প্লাস্টিকের ব্যাগ ব্যবহার করেও করা যাবে।

সূর্যের আলো



### সারাংশক্ষেপ

দেখা গেল যে, বিকার দিয়ে ঢেকে রাখা বরফ খন্ডগুলো খোলা বাতাসে রাখা বরফখণ্ডের তুলনায় আগে গলেছে। সূর্যের ভাগ সহজেই বিকারের তিক্তর প্রবেশ করতে পায় কিন্তু বিকার থেকে সহজে বের হতে পায় না। ফলে বিকারের তিক্ত পরম হয়ে ওঠে। আর এটিই হলো শিল হাউজ ধারণার মূল বিষয়। শিল হাউজ হলো কাচের তৈরি ঘর, যা তেতোর সূর্যের ভাগ আটকে রাখে। ফলে তীব্র শীতেও গাছগাঢ়া এই ঘরের তিক্তর উৎক ও সজীব থাকে।



শিল হাউজ

## শিল হাউজ প্রতাব ও শিল হাউজ গ্যাস

পৃথিবীর বায়ুমণ্ডল শিল হাউজের ন্যায় কাজ করে। **বায়ুমণ্ডল** হলো পৃথিবীকে ধীরে ধীরে থাকা বায়ুর স্তর। বায়ুমণ্ডলের অঙ্গীয় বাত ও কার্বন ডাইঅক্সাইড গ্যাস শিল হাউজের কাচের দেয়ালের মতো কাজ করে। দিনের ক্ষেত্রে সূর্যের আলো বায়ুমণ্ডলের ক্ষেত্রে দিনের সূপৃষ্ঠে এসে পড়ে এবং সূপৃষ্ঠ উজ্জ্বল হয়। রাতে সূপৃষ্ঠ থেকে সেই তাপ বায়ুমণ্ডলে ফিরে আসে এবং সূপৃষ্ঠ শীতল হয়। কিন্তু কিছু তাপ বায়ুমণ্ডলের ঐ প্যাসগ্লুলের কারণে আটকা পড়ে। ফলে রাতের বেশামোব পৃথিবী উষ্ণ থাকে। আর তাপ ধরে রাখার এই ঘটনাকেই **শিল হাউজ প্রতাব** বলে। তাপ ধরে রাখার অন্য সাধী এসকল গ্যাসই হলো শিল হাউজ গ্যাস।



শিল হাউজ প্রতাব

## হিমালয়ের কর্মকাণ্ড ও বৈশিক উৎকারন

বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, কলকারখানা ও যানবাহনে কল্পনা, তেল, আকৃতিক গ্যাস ইত্যাদি জীবাশ্ম ছালানি পোড়ানো হয়। এই জীবাশ্ম ছালানি পোড়ানোর ফলে বায়ুমণ্ডলে অনেক পরিমাণ কার্বন ডাইঅক্সাইড গ্যাস নির্গত হয়। পাশাপাশি বনস্পতি ধরনসমূহের ফলে গাছপালন মাধ্যমে কার্বন ডাইঅক্সাইড শোষণের হার কমছে। ফলে বাতাসে কার্বন ডাইঅক্সাইডের পরিমাণ বাঢ়ছে। বেশি পরিমাণ কার্বন ডাইঅক্সাইড বৈশি করে তাপ ধরে রাখছে। ফলে দিন দিন পৃথিবীর তাপমাত্রা বেড়ে যাচ্ছে। পৃথিবীর গড় তাপমাত্রা বেড়ে যাওয়াই হলো বৈশিক উৎকারন।

## বাস্তব ঘটনা থেকে বৈশিক উৎকারন পর্যবেক্ষণ

তাপমাত্রা পর্যবেক্ষণের পাশাপাশি আমরা হিমবাহ গলনের হার থেকেও বৈশিক উৎকারনের বিবরণটি নিশ্চিত হতে পারি। এছাড়া বৈশিক উৎকারনের অভাবে দেয়া অঞ্চলের বরফ গলছে এবং সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে। এর ফলে সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে।



হিমালয় পর্যতমালার উপর হিমবাহ (বায়োপোর্ট ছবিটি ১৯২১ সালের, ভালগালের ছবিটি ২০০৯ সালের)

## ৩. জলবায়ু পরিবর্তন

**প্রশ্ন :** জলবায়ু পরিবর্তনজনিত সমস্যা মোকাবিলাস আমরা কী করতে পারি?




কাজ :

অভিযোগন্তরের উপায়

কী করতে হবে:

১. করেকচন শিক্ষার্থী মিলে ছোট ছোট দল তৈরি করি। নিচের মানচিত্রটি পর্যবেক্ষণ করি। আস্ট্রিজে বাহাদেশের বিভিন্ন প্রাকৃতিক দূর্ঘটন দেখানো হয়েছে।
২. নিজ নিজ এলাকার প্রাকৃতিক দূর্ঘটন চিহ্নিত করি। দূর্ঘটন মোকাবিলাস বিভিন্ন প্রকৃতি আলোচনা করি।
৩. কাজটি নিয়ে সহপাঠীদের সাথে আলোচনা করি।



## সারসংক্ষেপ

বিজ্ঞানীরা ধারণা করছেন জলবায়ুর এই পরিবর্তন বিভিন্ন প্রাকৃতিক সমস্যা সৃষ্টি করবে ও দুর্যোগকে আরও ভয়াবহ করে তুলবে। জলবায়ু পরিবর্তন বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি বৃদ্ধি করবে। যেমন—

- ঘূর্ণিঝড় ও জলচ্ছাসের হার ও মাত্রা বৃদ্ধি করবে।
- হঠাতে ভারী বৃষ্টিপাত ও আকস্মিক বন্যা দেখা দেবে।
- বৃষ্টিপাতের পরিমাণ কমে খরা দেখা দেবে।
- সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পাবে এবং নদীর পানিতে লবণাক্ত পানি প্রবেশ করবে।

জলবায়ু পরিবর্তনের এই প্রভাব মোকাবিলা করার জন্য আমরা দুইটি কৌশল অবলম্বন করতে পারি। একটি হলো “জলবায়ু পরিবর্তনের হার কমানো”। অপরটি “জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো বা অভিযোজন”।

### জলবায়ু পরিবর্তনের হার কমানো

জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ হচ্ছে বায়ুমণ্ডলে কার্বন ডাইঅক্সাইডের পরিমাণ বৃদ্ধি। সুতরাং বায়ুমণ্ডলে কার্বন ডাইঅক্সাইড নির্গমনের পরিমাণ কমিয়ে আমরা জলবায়ু পরিবর্তনের ঝুঁকি কমাতে পারি। এজন্য কয়লা, তেল, প্রাকৃতিক গ্যাসের মতো জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমাতে হবে। নবায়নযোগ্য শক্তি যেমন— সৌর শক্তি, বায়ু শক্তি ইত্যাদির ব্যবহার বাঢ়াতে হবে। বৃক্ষরোপণের মাধ্যমে আমরা বায়ুমণ্ডলের কার্বন ডাইঅক্সাইড হ্রাস করতে পারি। দৈনন্দিন জীবনে শক্তির ব্যবহার কমিয়েও আমরা কার্বন ডাইঅক্সাইড নির্গমন কমাতে পারি। এই সকল কর্মকাণ্ড দীর্ঘমেয়াদী জলবায়ু পরিবর্তন হ্রাস করতে সহায়তা করবে।

### জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো বা অভিযোজন

জলবায়ু পরিবর্তনের হার কমানোর জন্য মানুষ বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। তবে জলবায়ুর যে পরিবর্তন ইতোমধ্যে সাধিত হয়েছে তার সাথে আমাদের খাপ খাওয়াতে হবে। পরিবর্তিত জলবায়ুতে বেঁচে থাকার জন্য গৃহীত কর্মসূচি হলো ‘জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো বা অভিযোজন’। অভিযোজনের উদ্দেশ্য হলো জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্টি ঝুঁকি কমানো ও পরিবর্তিত পরিস্থিতিতে টিকে থাকার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ। যেমন—

- ঘরবাড়ি, মাদরাসা, কলকারখানা ইত্যাদি অবকাঠামোর উন্নয়ন।
- বন্যা ও ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ।
- উপকূলীয় বন সৃষ্টি।
- লবণাক্ত পরিবেশে বাঁচতে পারে এমন ফসল উৎপাদন।
- জীবন যাপনের ধরন পরিবর্তন করা।
- জলবায়ু পরিবর্তনের কারণ সম্পর্কিত ধারণা সকলকে জানানো।

জলবায়ুর পরিবর্তন বিভিন্ন ধরনের আকৃতিক দুর্ঘেশ সৃষ্টিতে প্রধান তৃমিকা পালন করে। ছবিতে জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর বিভিন্ন উপায় দেখানো হলো—



সূক্ষ্মজোগান



শূর্ণিবাড়ি আশাগরিফেন্স

বাংলাদেশ গৃথিবীর দুর্ঘেশপ্রবণ দেশগুলোর মধ্যে একটি। আমরা বিভিন্ন ধরনের আকৃতিক দুর্ঘেশের সম্মুখীন হই। এ সকল দুর্ঘেসের মধ্যে রয়েছে শূর্ণিবাড়ি, জলোচ্ছাস, বন্যা, ঝরা, টর্নেডো, নদী ভাঙ্গন ইত্যাদি। তাই আমাদের বাংলাদেশের জলবায়ু সম্পর্কে জানা এবং আকৃতিক দুর্ঘেশ মোকাবেলা করার জন্য পূর্ব প্রস্তুতি থাকা প্রয়োজন।



## অনুশীলনী

### ১. সঠিক উত্তরে টিক চিহ্ন (✓) দাও

১) নিচের কোনটি গ্রিন হাউজ গ্যাস ?

- ক. নাইট্রোজেন
- গ. কার্বন ডাইঅক্সাইড

- খ. অক্সিজেন
- ঘ. হাইড্রোজেন

২) জলবায়ু কীভাবে পরিবর্তিত হয় ?

- ক. হঠাৎ
- গ. মাঝে মাঝে

- খ. দ্রুত
- ঘ. ধীরে ধীরে

৩) কোনটি জলবায়ুর পরিবর্তন ত্বাস করে ?

- ক. কয়লা ও তেলের ব্যবহার
- গ. বনভূমি ধ্বংস

- খ. সৌর শক্তির ব্যবহার
- ঘ. প্রাকৃতিক গ্যাসের ব্যবহার

৪) নিচের কোনটি বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ নয় ?

- ক. ঘূর্ণিঝড়
- গ. কালৈশেষী

- খ. হারিকেন
- ঘ. বন্যা

### ২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

- ১) বৈশ্বিক উষ্ণায়ন কী ?
- ২) বৈশ্বিক উষ্ণায়নের প্রধান কারণ কী ?
- ৩) বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের একটি উদাহরণ দাও।
- ৪) পরিবেশের উপর বৈশ্বিক উষ্ণায়নের প্রভাব কী কী ?

### ৩. বর্ণনামূলক প্রশ্ন

- ১) গ্রিন হাউজের ভিতরের পরিবেশ গরম থাকে কেন? ব্যাখ্যা কর।
- ২) জলবায়ু পরিবর্তনের হার কমানো এবং এর সাথে খাপ খাওয়ানো কীভাবে সম্পর্কিত ?
- ৩) কীভাবে আমরা জলবায়ু পরিবর্তনের হার কমাতে পারি ?
- ৪) পৃথিবীর বায়ুমণ্ডল গ্রিন হাউজের কাছের মতো কাজ করে কেন ?
- ৫) জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো বা অভিযোজন কী ব্যাখ্যা কর।
- ৬) পৃথিবীর গড় তাপমাত্রা বাঢ়তে থাকলে আমাদের জীবনে এর কী প্রভাব পড়বে?

## প্রাকৃতিক সম্পদ

চারপাশে ভাকালে আমরা অনেক কিছু দেখতে পাই। এগুলোকে আমরা প্রাকৃতিক এবং মানবসৃষ্ট এই দুই ভাগে ভাগ করতে পারি। মানবসৃষ্ট সকল বস্তুই প্রাকৃতিক সম্পদ ব্যবহার করে তৈরি করা হয়।

### ১. আমাদের সম্পদ

**প্রশ্ন :** আমাদের কী ধরনের সম্পদ রয়েছে ?



কাজ :

কোনভূলো কোন ধরনের সম্পদ

কী করতে হবে :

- নিচের ছকটির মতো খাতায় একটি ছক তৈরি করি।

প্রাকৃতিক সম্পদ	মানবসৃষ্ট সম্পদ

- নিচের ছবিগুলো দেখে কোনটি প্রাকৃতিক এবং কোনটি মানবসৃষ্ট সম্পদ তা খুজে দেখে করে ছকে লিখি।
- কাজটি নিয়ে সহপাঠীদের সাথে আলোচনা করি।



## সারসংক্ষেপ

সম্পদ হলো এমন কিছু, যা মানুষ ব্যবহার করে উপকৃত হয়। সম্পদকে দুই ভাগে ভাগ করা যায়। বেংল—**প্রাকৃতিক সম্পদ এবং মানবসৃষ্ট সম্পদ।**

### প্রাকৃতিক সম্পদ

প্রকৃতিতে পাওয়া যে সকল সম্পদ মানুষ তার চাহিদা পূরণের জন্য ব্যবহার করে থাকে তাই **প্রাকৃতিক সম্পদ।** মানুষ প্রাকৃতিক সম্পদ তৈরি করতে পারে না। সূর্যের আলো, ঘাটি, পানি, বায়ু, গাছপালা, পশুপাখি ইত্যাদি প্রাকৃতিক সম্পদ। অনিজ সম্পদ, জীবাশ্ম জুলানি এসবও প্রাকৃতিক সম্পদ। প্রাকৃতিক সম্পদ থেকে আমরা খাদ্য, কর্ম, বাসযান এবং শক্তি পেয়ে থাকি।



**প্রাকৃতিক সম্পদ**

### মানবসৃষ্ট সম্পদ

মানুষের তৈরি সম্পদই হলো **মানবসৃষ্ট সম্পদ।** কাগজ, প্লাস্টিক, কাচ, বিদ্যুৎ ইত্যাদি মানবসৃষ্ট সম্পদ। মানবসৃষ্ট সম্পদও প্রকৃতি থেকেই আসে। গাছপালা ব্যবহার করে মানুষ লতান কিছু তৈরি করে। গাছ থেকে পাওয়া কাঠ দিয়ে আমরা ঘরবাড়ি তৈরি করি। গাছ থেকে আমরা কাগজও পাই। আবার, বালি কেট তৈরি করে না, এটি প্রকৃতিতে পাওয়া যায়। আর এই বালি থেকে কাচ তৈরি হয়। মানবসৃষ্ট সম্পদ আবার অন্য সম্পদ তৈরিতে ব্যবহৃত হয়।



## ୨. ଆକୃତିକ ସମ୍ପଦର ସଂଧାର ସ୍ଥାବଳୀ

ଶକ୍ତି ଉତ୍ସାଦନ ଏবଂ ଲକ୍ଷ୍ମନ କିଛୁ ତୈରି କରାର ଜଳ୍ୟ ଆମରା ଆକୃତିକ ସମ୍ପଦର ଉପର ନିର୍ଭରସୀଳ । ଜନସଂଖ୍ୟା ବୃଦ୍ଧିର ସାଥେ ସାଥେ ଆକୃତିକ ସମ୍ପଦର ଚାହିଁଦାଓ ବାଢ଼ିଛେ । କିନ୍ତୁ କିଛୁ କିଛୁ କିଛୁ ଆକୃତିକ ସମ୍ପଦ ସୀମିତ । ସେମନ— ତେଣ, କରମଳା ଏବଂ ଆକୃତିକ ଗ୍ୟାସ । ଆର ତାଇ ଆମଦେଇ ଏଇ ସକଳ ସମ୍ପଦର ବିକଳ ଖୁଜେ ବେଳ କରାତେ ହବେ । ପାଶାପାଶି ଏଇ ସଂଧାର ସ୍ଥାବଳୀ ସ୍ଥାବଳୀ କରାତେ ହବେ ।

### ସମ୍ପଦର ବିକଳ ଉତ୍ସ

ତେଣ, ଗ୍ୟାସ, କରମଳା ଇତ୍ୟାଦି ଅନ୍ୟାନ୍ୟ ସମ୍ପଦ । ଏ ସକଳ ସମ୍ପଦ ଏକବାର ନିଃଶ୍ଵେତ ହଲେ ହାଜାର ହାଜାର ସଂଖ୍ୟାରେ କିମ୍ବା ପାଞ୍ଚହଶ୍ବର ନମ୍ବର । ଅପର ଦିକେ ନବାଯନଯୋଗ୍ୟ ସମ୍ପଦ ବାରବାର ସ୍ଥାବଳୀ କରା ବାର । ଆର ଏଇ କାରଣେ ନବାଯନଯୋଗ୍ୟ ସମ୍ପଦକେ ଅନ୍ୟାନ୍ୟ ସମ୍ପଦର ବିକଳ ହିସେବେ ସ୍ଥାବଳୀ କରା ବାର । ନବାଯନଯୋଗ୍ୟ ସମ୍ପଦ ହିସେବେ ଆମରା ସୂର୍ଯ୍ୟର ଆଳୋ, ବାସୁଦ୍ଧବାହ ଏବଂ ପାନିର ଶ୍ରୋତ ସ୍ଥାବଳୀ କରାତେ ପାରି । ସୂର୍ଯ୍ୟର ଆଳୋ ଖୁବଇ ଶୁଭ୍ରତ୍ତପୂର୍ଣ୍ଣ ଏବଂ ଅକ୍ରମତ ଶକ୍ତିର ଉତ୍ସ । ସୌର ପ୍ଲାନେଟ ସ୍ଥାବଳୀ କରେ ଆମରା ସୂର୍ଯ୍ୟ ଥିକେ ବିଦ୍ୟୁତ୍ ଶକ୍ତି ପାଇ । ବାସୁଦ୍ଧବାହ ଶକ୍ତିର ଆନ୍ଦୋଳନ ବିକଳ ଉତ୍ସ । ବାସୁଦ୍ଧବାହ ଉତ୍ୱିଭବିତେ ପାଥ୍ୟ ସୋରାନୋର ମାଧ୍ୟମେ ବିଦ୍ୟୁତ୍ ଉତ୍ସନ୍ମୁଖ କରେ ।



ସୌର ପ୍ଲାନେତ



ଡାଇଭିଲ

### ଆକୃତିକ ସମ୍ପଦର ସଂଧାର ସ୍ଥାବଳୀ

ଆକୃତିକ ସମ୍ପଦ ସଂଧାରକରେ ଜଳ୍ୟ ଏଇ ସଂଧାର ସ୍ଥାବଳୀ ଖୁବଇ ଶୁଭ୍ରତ୍ତପୂର୍ଣ୍ଣ । ଶକ୍ତିର ସ୍ଥାବଳୀ କରାନୋ, ବନ୍ଦର ପୁନର୍ବ୍ୟବହାର ଏବଂ ମିଳାଇକେଳେ କରାର ମାଧ୍ୟମେ ଆମରା ସମ୍ପଦ ସଂଧାରକ କରାତେ ପାରି । ସମ୍ପଦ ସଂଧାରକରେ ମାଧ୍ୟମେ ଆମରା ଧୀରେ ଧୀରେ ପରିବର୍ତ୍ତ ଦୂର କରାତେ ପାରି ।



### ଆଲୋଚନା

◆ ଆମରା କୀତାବେ ସମ୍ପଦର ସଂଧାର ସ୍ଥାବଳୀ କରାତେ ପାରି ?

1. ଡାନ ପାଶେ ଛକେର ମତୋ ଖାତାଯ ଏକଟି ଛକ ତୈରି କରି ।
2. କୀତାବେ ସମ୍ପଦର ସଂଧାର ସ୍ଥାବଳୀ କରାତେ ପାରି
- ତାର ଏକଟି ତାଲିକା ତୈରି କରି ।
3. ସଂପାଦିତେ ସାଥେ ଆଲୋଚନା କରେ କାଜଟି ସମ୍ପନ୍ନ କରି ।

ସମ୍ପଦର ସଂଧାର ସ୍ଥାବଳୀ

## অনুশীলনী

### ১. সঠিক উত্তরে টিক চিহ্ন (✓) দাও।

১) নিচের কোনটি প্রাকৃতিক সম্পদ ?

- |         |            |
|---------|------------|
| ক. বালি | খ. কাগজ    |
| গ. কাচ  | ঘ. বিদ্যুৎ |

২) কোন সম্পদটি সীমিত ?

- |                |          |
|----------------|----------|
| ক. সূর্যের আলো | খ. কয়লা |
| গ. বায়ু       | ঘ. পানি  |

৩) সূর্য থেকে শক্তি পাওয়ার জন্য নিচের কোন প্রযুক্তিটি ব্যবহার করা হয় ?

- |                |                   |
|----------------|-------------------|
| ক. সৌর প্যানেল | খ. টারবাইন        |
| গ. বাঁধ        | ঘ. বৈদ্যুতিক পাখা |

৪) নিচের কোনটি মানবসৃষ্ট সম্পদ ?

- |            |            |
|------------|------------|
| ক. পাথর    | খ. পশুপাথি |
| গ. গাছপালা | ঘ. কাচ     |

### ২. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :

- ১) মানবসৃষ্ট সম্পদের ৫টি উদাহরণ দাও।
- ২) অনবায়নযোগ্য সম্পদের ৩টি বিকল্প সম্পদের উদাহরণ দাও।
- ৩) আমরা কীভাবে প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহার করতে পারি ?
- ৪) মানবসৃষ্ট সম্পদ কী ?
- ৫) মানবসৃষ্ট সম্পদ কোথা থেকে আসে ?

### ৩. বর্ণনামূলক প্রশ্ন :

- ১) অনবায়নযোগ্য সম্পদের বিকল্প হিসেবে কেন নবায়নযোগ্য সম্পদ ব্যবহার করা উচিত ?
- ২) প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহার কেন প্রয়োজন ?
- ৩) প্রাকৃতিক সম্পদ ও মানবসৃষ্ট সম্পদের মধ্যে মিল ও পার্থক্য কোথায় ?
- ৪) একটি সুন্দর বাড়ি তৈরি করতে তোমার কোন কোন প্রাকৃতিক সম্পদ ও মানবসৃষ্ট সম্পদ প্রয়োজন হবে ?

## জনসংখ্যা ও প্রাকৃতিক পরিবেশ

বিশ্বের জনসংখ্যা ক্রমাগত বাঢ়ছে। বাঢ়তি জনসংখ্যার জন্য খাদ্য, জীবি এবং অন্যান্য প্রাকৃতিক সম্পদের প্রয়োজনও বাঢ়ছে। জনসংখ্যা বৃদ্ধির সমস্যাগুলো কী কী? এই সমস্যাগুলোর কোনো সমাধান কি আমাদের কাছে আছে? এই সমস্যাগুলো আমরা কীভাবে সমাধান করতে পারি?

### ১. জনসংখ্যা বৃদ্ধি এবং মানুষের চাহিদা

#### (১) জনসংখ্যা বৃদ্ধি এবং জনসংখ্যার ঘনত্ব

১৮০০ সালের শুরুর দিকে বিশ্বের জনসংখ্যা ছিল প্রায় ১০০ কোটি। বর্তমানে পৃথিবীতে প্রায় ৭০০ কোটি লোক বসবাস করে। অর্থাৎ ২০০ বছরে বিশ্বের জনসংখ্যা বেড়েছে প্রায় ৬০০ কোটি। ২০১১ সালে বাংলাদেশের জনসংখ্যা হয় ১৪ কোটি ৯৭ লক্ষ ৭২ হাজার ৩৬৪ জন। ১৯৭০ সালে জনসংখ্যা ছিল প্রায় ৭ কোটি ৬০ লক্ষ। ৪০ বছরে বাংলাদেশের জনসংখ্যা বেড়ে প্রায় দিগ্ধি হয়েছে।

**জনসংখ্যার ঘনত্ব** হলো প্রতি একক জায়গায় বসবাসরত মোট লোকসংখ্যা। মোট জনসংখ্যাকে ক্ষেত্রফল ধারা ভাগ করে খুব সহজেই জনসংখ্যার ঘনত্ব পাওয়া যাব। সেই অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব অনেক বেশি।

বাংলাদেশের জনসংখ্যা (প্রায়)

বছর	জনসংখ্যা
১৯৬১	৫ কোটি ৫২ লক্ষ
১৯৭৮	৭ কোটি ৬৪ লক্ষ
১৯৮১	৮ কোটি ৯৯ লক্ষ
১৯৯১	১২ কোটি ১৪ লক্ষ
২০০১	১২ কোটি ৯৩ লক্ষ
২০১১	১৪ কোটি ৯৭ লক্ষ



বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধি পাছে



### আলোচনা

#### ◆ বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব কত?

১. বাংলাদেশের ক্ষেত্রফল ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার। উপরের ছক অনুযায়ী, বিভিন্ন সময়ে বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব নির্ণয় করি।
২. সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্পূর্ণ করি।

জনসংখ্যার ঘনত্ব –  
মোট জনসংখ্যা + ক্ষেত্রফল



## (২) জনসংখ্যা বৃদ্ধি এবং মানুষের চাহিদা

**প্রশ্ন :** যদি জনসংখ্যা বৃদ্ধি পায় তাহলে আমাদের কী ঘটবে?



কাজ :

আমাদের কী প্রয়োজন?

কী করতে হবে :

- নিচে দেখানো ছকের মতো খাতায় একটি ছক তৈরি করি।

বাড়তি জনসংখ্যার জন্য আমাদের আরও কী প্রয়োজন


- যদি জনসংখ্যা বৃদ্ধি পায় তাহলে আমাদের আরও কী প্রয়োজন হবে ছকে তার একটি তালিকা তৈরি করি।

- কাজটি নিয়ে সহপাঠীদের সাথে আলোচনা করি।



বেঁচে থাকার জন্য  
আমাদের কী প্রয়োজন?

আমাদের খাদ্য, পানি ও আশ্রয়  
প্রয়োজন। এছাড়াও...



### সারসংক্ষেপ

জনসংখ্যা যত বৃদ্ধি পাবে মানুষের চাহিদাও তত বাঢ়বে। এতে প্রাকৃতিক সম্পদের উপর চাপ বাঢ়বে। বাড়তি চাহিদা আমাদের জীবনে বিভিন্ন সমস্যা সৃষ্টি করবে। জনসংখ্যা বৃদ্ধির ফলে খাদ্য, বস্ত্র, বাসস্থান এবং ভূমি ইত্যাদির ঘাটতি দেখা দেবে। মানুষ সহজেই বিভিন্ন রোগে আক্রান্ত হবে। কারণ, জনসংখ্যার ঘনত্ব বেশি হলে জীবাণু দ্রুত ছড়ায়। চিকিৎসা এবং শিক্ষার সুযোগ কমে যেতে পারে। ব্যবহারের জন্য প্রাকৃতিক সম্পদের পরিমাণ কমে যেতে পারে।



মহামারী আকারে ডায়রিয়া

## ২. পরিবেশের উপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব

পরিবেশের উপর জনসংখ্যা বৃদ্ধির ব্যাপক প্রভাব রয়েছে। বাড়তি শস্য উৎপাদন এবং পশুপালনের জন্য মানুষ বন উঙাড় করছে। বাড়িগুলি, রাস্তাগাঁট এবং কলকারখানা তৈরিতেও অধিক জমি ব্যবহার করছে। বনভূমি ধর্মসের ফলে বাস্তুসংস্থানের পরিষ্করণ হয়। জীবের আবাসস্থল ধর্মসে হয় এবং জীব ধীরে ধীরে বিলুপ্ত হয়। এছাড়া বনভূমি ধর্মসের ফলে ভূমিক্ষেত্র এবং জীববিদ্যা হয়।



জনসংখ্যা বৃদ্ধিতে বাস্তুসংস্থানের পরিষ্করণ

কৃষিক্ষেত্রে উদ্ধিদেয় ভালো বৃদ্ধি এবং অধিক খাদ্য উৎপাদনের জন্য রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহৃত হয়। রাসায়নিক সার ও কীটনাশকের অভিযন্ত ব্যবহারের ফলে মাটি এবং পানি দূষিত হচ্ছে।

জীবাশ্ম ছালানি পুড়িয়ে বিস্তৃৎ উৎপাদন এবং কলকারখানায় পণ্ট তৈরি হয়। মানুষ বাতায়াতের জন্য যানবাহনে জীবাশ্ম ছালানি ব্যবহার করে। কলকারখানা এবং যানবাহন থেকে নিশ্চিত ক্ষতিকর গ্যাস বায়ু দূষিত করছে। ফলে পৃথিবীর উরকতা বৃদ্ধি পাচ্ছে এবং এসিড বৃক্ষ হচ্ছে।



যানবাহনে জীবাশ্ম ছালানির ব্যবহার



### আলোচনা

◆ জনসংখ্যা বৃদ্ধি পরিবেশের উপর কী প্রভাব ফেলছে?

১. নিচে দেখানো ছকের মতো খাতায় একটি ছক তৈরি করি।

ক্ষতিকর প্রভাব	কানুন

২. ছকে পরিবেশের উপর জনসংখ্যা বৃদ্ধির ক্ষতিকর প্রভাবের একটি তালিকা তৈরি করি এবং কানুনগুলো লিখি।

৩. সহশ্রান্তিদের সাথে আলোচনা করে কাজটি সম্ভব করি।

### ৩. জনসংখ্যা সমস্যা সমাধানে বিজ্ঞান ও প্রযুক্তির ভূমিকা

#### জনসংখ্যা সমস্যা সমাধানে বিজ্ঞান ও প্রযুক্তির অবদান

বাড়তি মানুষের চাহিদা পূরণে বিজ্ঞান ও প্রযুক্তি অধিক খাদ্য উৎপাদনে সাহায্য করছে। মানুষ বিভিন্ন ধরনের কৃষি যন্ত্রগতি ব্যবহারের মাধ্যমে কম সময়ে বেশি খাদ্য উৎপাদনে সক্ষম হয়েছে। বর্তমানে, জৈবপ্রযুক্তি ব্যবহার করে অধিক পুষ্টিসম্পন্ন, রোগ প্রতিরোধী এবং অধিক উৎপাদনশীল ফসল উৎপাদন করা হচ্ছে।

বিজ্ঞান ও প্রযুক্তি অনবাধ্যনযোগ্য শক্তির ব্যবহার করিয়ে শক্তি সংরক্ষণে ও দূষণ কমাতে সহায়তা করে। মানুষ সৌর প্যানেলের মতো প্রযুক্তির উৎপাদন করেছে যা নবায়নযোগ্য সম্পদ ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করে। এই প্রযুক্তি অনবাধ্যনযোগ্য শক্তির বিকল্প হিসেবে কাজ করে।

বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহার করে মানুষ যাতায়াতের জন্য নতুন প্রযুক্তি “হাইব্রিড গাড়ি” উৎপাদন করেছে। এই গাড়ি বিদ্যুৎ ও তেল উভয় জ্বালানি ব্যবহার করেই চলতে পারে। যা জীবাণু জ্বালানির ব্যবহার কমাতে ভূমিকা রাখছে।

#### বিজ্ঞান শেখার প্রয়োজনীয়তা

জনসংখ্যা বৃদ্ধি সংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধানে বিজ্ঞান ও প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তাই আমাদের বিজ্ঞান ও প্রযুক্তি শেখা অত্যন্ত জরুরি।


বিজ্ঞান শিক্ষা আমাদের আচরণ পরিবর্তনে এবং বিজ্ঞানের জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধিজনিত সমস্যা সমাধানে সাহায্য করে। শুধু তাই নয়, বিজ্ঞান ও প্রযুক্তি দক্ষ মানব সম্পদ তৈরিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।



#### আলোচনা

◆ জনসংখ্যা সমস্যা সমাধানে বিজ্ঞান ও প্রযুক্তি কীভাবে অবদান রাখছে ?

১. জনসংখ্যা বৃদ্ধিজনিত সমস্যা সমাধানে উন্নত প্রযুক্তি কীভাবে সাহায্য করবে ?
২. সহপাঠীদের সাথে আলোচনা করে কাজটি সম্পন্ন করি।



হাইব্রিড গাড়িতে ব্যবহৃত হয় তেল এবং বিদ্যুৎ



বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা গুরুত্বপূর্ণ

## অনুশীলনী

### ১. সঠিক উভয়ের টিক চিহ্ন (✓) দাও।

১) নিচের কোনটি মানুষের মৌলিক চাহিদা ?

- |                   |             |
|-------------------|-------------|
| ক. বিনোদন         | খ. খাদ্য    |
| গ. হাইব্রিড গাঢ়ি | ঘ. খেলাধূলা |

২) জনসংখ্যার ঘনত্ব হলো –

- |  |  |
|--|--|
| ক. প্রতি একক জায়গায় লোকসংখ্যা          |  |
| খ. প্রতি মানুষের জন্য ভূমির পরিমাণ       |  |
| গ. প্রতি একক ক্ষেত্রফলে মানুষের ওজন      |  |
| ঘ. প্রতি মানুষের ওজনের জন্য ভূমির পরিমাণ |  |

৩) কোনটি অনবায়নযোগ্য শক্তির উৎস ?

- |          |          |
|----------|----------|
| ক. পানি  | খ. গাছ   |
| গ. বাতাস | ঘ. কয়লা |

৪) জীবাশ্ম ঝুলানি পোড়ানোর ফলে কোনটি ঘটে ?

- |                     |                    |
|---------------------|--------------------|
| ক. বৈশ্বিক উষ্ণায়ন | খ. জনসংখ্যা বৃদ্ধি |
| গ. ভূমিকম্প         | ঘ. ভূমিক্ষয়       |

### ২. সঠিক্ষণ্ট উভয়র প্রশ্ন :

১) জনসংখ্যা বৃদ্ধি পেলে কিসের চাহিদা বাড়বে ?

২) পরিবেশের উপর জনসংখ্যা বৃদ্ধির তৃতীকর প্রভাব লেখ।

৩) অধিক খাদ্য উৎপাদনে বিজ্ঞান ও প্রযুক্তি কীভাবে অবদান রাখছে?

### ৩. বর্ণনামূলক প্রশ্ন :

১) আমরা কেন বিজ্ঞান ও প্রযুক্তি শিখছি ?

২) মানুষ কেন কৃষিকাজে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করছে ?

৩) বনভূমি ধরনের ফলে পরিবেশের উপর কী প্রভাব পড়ছে ?

৪) জনসংখ্যা বৃদ্ধির ফলে মানুষ কেন সহজেই রোগাক্রান্ত হয় ?

## শব্দকোষ

শব্দ	শব্দের অর্থ	পৃষ্ঠা নম্বর
অক্ষ	পৃথিবীর কেন্দ্র বরাবর ছেদকারী কানুনিক রেখা।	৫৪
অঞ্জিজেন সিলিভার	অঞ্জিজেন রাখার বিশেষ পাত্র।	২৬
অণু	দুই বা ততোধিক পরমাণু একত্রিত হয়ে পদার্থ গঠনকারী যে কণা তৈরি করে।	৩৯
আর্দ্রতা	বাতাসে জলীয় বাস্পের মোট পরিমাণ।	৭৭
আক্রিক গতি	পৃথিবীর নিজ অক্ষের উপর ঘূর্ণনের গতি।	৫৪
আবাসস্থল	উচ্চিদ যে স্থানে জন্মায় এবং প্রাণী যে বিশেষ জায়গায় বাস করে।	৩
আবহাওয়া	কোনো নির্দিষ্ট সময়ে কোনো নির্দিষ্ট স্থানের আকাশ ও বায়ুমণ্ডলের সাময়িক অবস্থা।	৭৩
ইন্টারনেট	পৃথিবীর বিভিন্ন প্রান্তের কম্পিউটারগুলোকে সংযুক্তকারী বিশাল নেটওয়ার্ক।	৭০
উভর গোলার্ধ	পৃথিবীর উভরের অর্ধেক অংশ।	৫৮
উপগ্রহ	মহাকাশের যে বস্তু কোনো গ্রহকে কেন্দ্র করে ঘূরে।	৬০
এইচআইভি (HIV)	এইডস রোগ সৃষ্টিকারী জীবাণু।	৪৮
এইডস	একটি সংক্রামক রোগ যা এইআইভি জীবাণুর সংক্রমণের ফলে হয়ে থাকে।	৪৮
এসিড বৃক্ষ	ক্ষতিকর বিভিন্ন রাসায়নিক পদার্থ মিশ্রিত বৃক্ষ।	২৮
কক্ষপথ	যে নির্দিষ্ট পথে পৃথিবী ও অন্যান্য গ্রহসমূহ সূর্যের চারদিকে ঘূরে।	৫৪
কীটনাশক	একটি রাসায়নিক পদার্থ যা ফসলের ক্ষতিকর পোকামাকড় দমনে ব্যবহৃত হয়।	১২
কৃত্রিম রং	খাদ্যকে আকর্ষণীয় করতে ব্যবহৃত রঙিন রাসায়নিক পদার্থ।	৪৫
খরা	দীর্ঘ সময় ধরে বিরাজমান বৃক্ষিপাতহীন শুক আবহাওয়া।	৭৮
খাদ্য জাল	দুই বা ততোধিক খাদ্য শৃঙ্খলের সমন্বয়ে স্ফট জাল।	৭
খাদ্য শৃঙ্খল	বাস্তুসম্মানে উচ্চিদ থেকে প্রাণীতে শক্তি প্রবাহের ধারাবাহিক প্রক্রিয়া।	৭

গ্রিন হাউজ প্রভাব	জলীয় বাস্তি, কার্বন ডাইঅক্সাইড ইত্যাদি গ্যাসের মাধ্যমে বায়ুমণ্ডলে সূর্য থেকে আগত তাপ ধরে রাখার ঘটনা।	৮৪
ঘনীভবন	কোনো পদার্থ বায়বীয় বা গ্যাসীয় অবস্থা থেকে তরল অবস্থায় পরিণত হওয়ার প্রক্রিয়া।	১৮
ঁাকন	ঁাকনি দিয়ে ছেঁকে পানি পরিষ্কার করার প্রক্রিয়া।	২৩
চাঁদের দশা	চাঁদের আলোকিত অংশের আকৃতির দৃশ্যমান পরিবর্তনশীল অবস্থা।	৫৯
জনসংখ্যার ঘনত্ব	প্রতি একক জায়গায় বসবাসরত মোট লোকসংখ্যা।	৯৩
জলবায়ু	কোনো স্থানের বহু বছরের আবহাওয়ার গড় অবস্থা।	৭৩
জলবায়ু পরিবর্তন	আবহাওয়ার উপাদানগুলোর উল্লেখযোগ্য স্থায়ী পরিবর্তন।	৮৬
জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানো	পরিবর্তিত জলবায়ুতে বেঁচে থাকার জন্য গৃহীত কর্মসূচি। খাপ খাওয়ানোর উদ্দেশ্য হলো জলবায়ুর পরিবর্তনের ফলে স্কুট ঝুকি করানো।	৮৬
জাঙ্ক ফুড	অত্যধিক চিনি, লবণ ও চর্বিযুক্ত খাদ্য যা খুব সহজে তৈরি করে পরিবেশন করা যায়।	৪৫
জলোচ্ছাস	ঘূর্ণিবড়ের ফলে সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে স্কুট তীব্র জোয়ার।	৭৯
জৈব প্রযুক্তি	মানুষের কল্যাণে নতুন কিছু উৎপাদনে জীবের ব্যবহার।	৬৫
জ্যোতির্বিজ্ঞান	মহাকাশ সম্পর্কিত গবেষণা।	৫৩
দূরবীক্ষণ যন্ত্র	লম্বা নলের মতো যন্ত্র যা অনেক দূরের জিনিস দেখতে ব্যবহার করা হয়।	৫২
তথ্য বিনিয়য়	যে প্রক্রিয়ায় কোনো তথ্য বন্ধু, পরিবারের সদস্য বা অন্যান্য মানুষের সঙ্গে আদান প্রদান করা হয়।	৬৯
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	যে প্রযুক্তিগুলো তথ্য খুঁজে পেতে, সংগ্রহ করতে, সংরক্ষণ করতে ও তথ্য বিনিয়য়ে ব্যবহৃত হয়।	৬৯
তাপ সঞ্চালন	গরম বস্তু থেকে ঠান্ডা বস্তুতে তাপ শক্তির প্রবাহ।	৩২
তাপদাহ	অতি গরম আবহাওয়ার দীর্ঘস্থায়ী অবস্থা।	৭৮
থিতানো	যে প্রক্রিয়ায় পানিকে দীর্ঘ সময় স্থির অবস্থায় রেখে বিভিন্ন মফলা তলানি হিসেবে জমিয়ে আলাদা করার মাধ্যমে পানি পরিষ্কার করা হয়।	২৩

দিন	পৃথিবীর যে অংশ সূর্যের দিকে থাকে সেই অংশের অবস্থা।	৫৪
নতুন আবাস	দলবন্ধভাবে নতুন কোনো স্থানে উজ্জিদ জন্মানো ও প্রাণীর বসবাসের ফলে নতুন আবাস গড়ে উঠা।	৫
পদার্থ	যার ওজন আছে ও জায়গা দখল করে।	৩৮
পরমাণু	পদার্থের ক্ষুদ্রতম কণা।	৩৯
পরাগায়ন	বীজ স্ফটির লক্ষ্যে এক ফুল থেকে অন্য ফুলে পরাগরেণ্ডুর স্থানান্তর।	৫
পরিচলন	তরল ও বায়বীয় পদার্থের মধ্য দিয়ে তাপের সঞ্চালন প্রক্রিয়া।	৩৫
পরিপাক	যে প্রক্রিয়ায় প্রাণীদেহে খাদ্য ভেঙে সরল ও শোষণ উপযোগী হয়।	১৬
পরিবহন	কঠিন পদার্থের মধ্য দিয়ে তাপের সঞ্চালন প্রক্রিয়া।	৩৫
পরিবেশ দূষণ	পরিবেশের পরিবর্তন যা জীবের জন্য ক্ষতিকর। বিভিন্ন ক্ষতিকর ও বিষাক্ত পদার্থ পরিবেশে মেশার ফলে পরিবেশ দূষিত হয়।	৯
পরিবেশ সংরক্ষণ	প্রাকৃতিক সম্পদের সুরক্ষা ও যথাযথ ব্যবহারই হচ্ছে পরিবেশ সংরক্ষণ।	১৩
পানিবাহিত রোগ	যে সকল রোগ জীবাণু দ্বারা দূষিত পানির মাধ্যমে হয়।	১১
পানি চক্র	যে চক্রাকার প্রক্রিয়ায় পানি বিভিন্ন অবস্থায় পরিবর্তিত হয়ে ভূপৃষ্ঠ ও বায়ুমণ্ডলের সর্বত্র ছড়িয়ে পড়ে।	২০
পানি বিশুদ্ধকরণ	মানুষের ব্যবহারের জন্য পানিকে গ্রহণযোগ্য এবং নিরাপদ করার ব্যবস্থা।	২৩
প্রযুক্তি	আমাদের জীবনের বাস্তব সমস্যা সমাধানের জন্য বিজ্ঞানের ব্যবহারিক প্রয়োগ।	৬৩
প্রাকৃতিক সম্পদ	প্রকৃতিতে পাওয়া নানা বস্তু যা মানুষের কাজে লাগে।	৯০
বয়ঃসন্ধি	জীবনের এমন এক পর্যায় যখন আমাদের শরীর শিশু অবস্থা থেকে পরিবর্তিত হয়ে কিশোর অবস্থায় পৌছায়।	৫০
বায়ুমণ্ডল	পৃথিবীকে ঘিরে থাকা বায়ুর স্তর।	৮৪
বাস্তুসংস্থান	কোনো স্থানের সকল জীব ও জড় এবং তাদের মধ্যকার পারস্পারিক ক্রিয়া প্রতিক্রিয়া।	৩
বাস্পীভবন	কোনো পদার্থ তরল অবস্থা থেকে বায়বীয় অবস্থায় পরিণত হওয়ার প্রক্রিয়া।	১৮

বার্ষিক গতি	সূর্যের চারদিকে নির্দিষ্ট কক্ষপথে পৃথিবীর আবর্তন।	৫৪
বায়ুচাপ	বায়ু তার ওজনের কারণে ভূপৃষ্ঠের উপর যে চাপ প্রয়োগ করে।	৭৫
বায়ুবাহিত রোগ	যে সকল রোগ ইঁচি-কাশি বা কথাবার্তা বলার সময় বায়ুতে জীবাণু ছড়ানোর মাধ্যমে বিস্তার লাভ করে।	৮৮
বিজ্ঞান	প্রকৃতি সম্পর্কিত যে জ্ঞান পর্যবেক্ষণ ও পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রাকৃতিক ঘটনাকে ব্যাখ্যা করে এবং বর্ণনা করে।	৬৩
বিকিরণ	যে প্রক্রিয়ায় তাপ কোনো মাধ্যম ছাড়াই উৎস থেকে চারদিকে ছড়িয়ে পড়ে।	৩৬
বীজের বিস্তরণ	মাতৃউদ্ভিদ থেকে বিভিন্ন স্থানে বীজের ছড়িয়ে পড়া।	৫
বৈশ্বিক উষ্ণায়ন	পৃথিবীর গড় তাপমাত্রা ক্রমশ বৃদ্ধি পাওয়া।	৮২
বৃষ্টিপাত	মেঘ থেকে পানি-কণার বৃষ্টিরূপে ভূপৃষ্ঠে নেমে আসা।	৭৭
ভূমিক্ষয়	বায়ু বা পানি প্রবাহের ফলে মাটির উপরের স্তর সরে যাওয়া।	৯৫
মাধ্যম	কোনো কিছু স্থানস্থরের জন্য অথবা কোনো কাজ সম্পাদনের জন্য ব্যবহৃত বস্তু, যন্ত্র বা উপায়।	৩৬
মাতৃউদ্ভিদ	যে উদ্ভিদের অঙ্গ বা বীজ থেকে নতুন উদ্ভিদের জন্ম হয়।	৫
মানবসৃষ্ট সম্পদ	প্রাকৃতিক সম্পদ ব্যবহার করে মানুষ যে সকল সম্পদ তৈরি করে।	৯০
রাসায়নিক পদার্থ	রাসায়নিক প্রক্রিয়ায় উৎপন্ন বিভিন্ন পদার্থ।	৪৫
রাত	পৃথিবীর যে অংশ সূর্যের বিপরীত দিকে থাকে সেই অংশের অবস্থা।	৫৬
রোগ প্রতিরোধ ক্ষমতা	রোগ প্রতিরোধ করার জন্য শরীরের স্বাভাবিক সক্ষমতা।	৪৯
শক্তি	কাজ করার সামর্থ্য।	৩০
শক্তির রূপান্তর	শক্তির এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তন।	৩৩
শিল্পায়ন	শহর, বন্দর, গ্রাম ইত্যাদি স্থানে কলকারখানা ও ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনা করা।	১০
শিল্পবিপ্লব	অর্থনীতির দ্রুত ও ব্যাপক পরিবর্তন (যা ১৮শ শতকে শুরু হয়েছিল) যেখানে পণ্য উৎপাদনের জন্য প্রচলিত	৬২

	যন্ত্রপাতি ও পদ্ধতির পরিবর্তে শক্তিচালিত যন্ত্র ও নতুন পদ্ধতি ব্যবহার করা হয়।	
শিশির	রাতে ঘাস, গাছপালা ইত্যাদির উপর জমা হওয়া বিন্দু বিন্দু পানির কণা।	১৮
শৈত্যপ্রবাহ	উভয়ের শূক ও শীতল বায়ু আমাদের দেশের উপর দিয়ে প্রবাহিত হওয়ার ফলে শীতকালে তাপমাত্রা অস্থাভাবিক করে যাওয়া।	৭৮
সংক্রামক রোগ	বিভিন্ন জীবাণু যেমন— ব্যাকটেরিয়া, ভাইরাস, ছত্রাক ইত্যাদি শরীরে প্রবেশের ফলে সৃষ্টি রোগ।	৪৭
হাইব্রিড গাঢ়ি	যে গাঢ়ি তেল ও বিন্দুৎ দুই ধরনের ঝুলানি দিয়ে চলতে পারে।	৯৬
হিমবাহ	বিশাল আকারের বরফ খণ্ড যা ঢাল বা উপত্যকা দিয়ে খুব ধীরে ধীরে গাঢ়িয়ে চলে।	১০

## ২০২০ শিক্ষাবর্ষের জন্য, ৫ম-বিজ্ঞান



নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে প্রতিকার ও প্রতিরোধের জন্য ন্যাশনাল হেল্পলাইন সেটারে  
১০৯ নম্বর-এ (টোল ফ্রি, ২৪ ঘণ্টা সার্ভিস) ফোন করুন



শিক্ষা মন্ত্রণালয়

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য